Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 32 ■ Issue No. 38 ■ 21st September 2019 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়
- জীবনবিমা কেরিয়ার এজেন্ট নিচ্ছে
- রিজার্ভ ব্যাঙ্ক ১৯৯ অফিসার নিচ্ছে
- মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- নানান চাকরির পরীক্ষার জিজ্ঞাসার উত্তর ও জেনারেল স্টাডিজ

আই.বি.পি.এস'এর পরীক্ষার মাধ্যমে

## ১৭ ব্যাঙ্কে ১২,০৭৫ ক্লার্ক

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

সারা ভারতের ১৭টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক ও অন্য কোনো ব্যাঙ্ক বা, আর্থিক প্রতিষ্ঠানে 'ক্লারিক্যাল ক্যাডারে' ১২,০৭৫ জন ছেলেমেয়ে নেওয়ার জন্য 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই.বি.পি.এস.)'এর 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট ইন ক্লার্কস ইন পার্টিসিপেটিং অর্গানাইজেশন (CRP Clerks-IX)' পরীক্ষার জন্য দরখাস্ত নিচ্ছে। ১৭টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের ক্লার্ক পদের জন্য প্রথমে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন সর্বভারতীয় ভিত্তিতে 'অনলাইন পরীক্ষা' নেবে। পরীক্ষা হবে দু'টি ধাপে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা ও তাতে কোয়ালিফাই নম্বর পেলে মেন পরীক্ষা। 'মেন' পরীক্ষায় সফল হলে নাম অ্যালোকেশনের জন্য পাঠানো হবে। এই পদের বেলায় কোনো ইন্টারভিউ নেই। 'মেন' পরীক্ষায় পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে ও নিয়োগ হবে এই ১৭টি ব্যাঙ্কে : (১) এলাহাবাদ ব্যাঙ্ক, (২) আন্ধ্রা ব্যাঙ্ক, (৩) ব্যাঙ্ক অফ বরোদা, (৪) ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, (৫) ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, (৬) কানাড়া ব্যাঙ্ক, (৭) সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, (৮) কর্পোরেশন ব্যাঙ্ক, (৯) দেনা ব্যাঙ্ক, (১০) ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, (১১) ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্স, (১২) পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, (১৩) পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক, (১৪) সিন্ডিকেট ব্যাঙ্ক, (১৫) ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, (১৬) ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, (১৭) ইউকো ব্যাঙ্ক।

এরপর ১১ পাতায়

## ৮২৪ কনস্টেবল নিচ্ছে সি.আই.এস.এফ.

**মাধ্যমিক ছেলেদের জন্য**

সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, সিকিম, অসম, ঝাড়খন্ড-সহ সারা ভারত থেকে 'কনস্টেবল (ট্রেডসম্যান)' পদে ৮২৪ জন লোক নিচ্ছে।

মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৮-২০১৯'র হিসাবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। নেওয়া হবে এইসব ট্রেডে : কুক, কবলার, বারবার, ওয়াশারম্যান, কার্পেন্টার, সুইপার, পেইন্টার, ম্যাসন, প্লাম্বার, মালি, ইলেক্ট্রিশিয়ান।

সব ক্ষেত্রেই তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায়

এরপর ১৩ পাতায়

## স্বাস্থ্য দফতরে ২০ লাইব্রেরিয়ান

পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ 'লাইব্রেরিয়ান' পদে ২০ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে লাইব্রেরি সায়েন্সের ডিপ্লোমা

এরপর ২ পাতায়

## ২২৪ স্টেনো, ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট

কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের সেন্টার ফর পার্সোনেল ট্যালেন্ট ম্যানেজমেন্ট (CEPTAM) 'স্টেনোগ্রাফার গ্রেড-II', 'অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট-A', 'স্টোর অ্যাসিস্ট্যান্ট', 'সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট', ক্লার্ক, ও 'ফায়ারম্যান' পদে ২২৪ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

স্টেনোগ্রাফার গ্রেড-II (ইংলিশ টাইপিং) : উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ১২, ও.বি.সি. ১)। পোস্ট কোড : 0301.

অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট 'A' (ইংলিশ টাইপিং) : উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে কিংবা কম্পিউটারে ঘন্টায় অন্তত ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৫৪টি (জেনাঃ ৩৩, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মী ১, প্রতিবন্ধী ১। পোস্ট কোড : 0401.

অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট 'A' (হিন্দি টাইপিং) : উচ্চমাধ্যমিক পাশরা হিন্দি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি

এরপর ৫ পাতায়

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের 'নেট'এর মাধ্যমে

## কয়েকশো লেকচারার

### আর্টস বিভাগের

সারা ভারতের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে হিউম্যানিটিজ (ল্যাঙ্গোয়েজ-সহ), সোশ্যাল সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশন ও ইলেক্ট্রনিক সায়েন্স ইত্যাদি বিষয়ে কয়েকশো অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে চাকরি / জুনিয়র রিসার্চ ফেলোশিপের

এরপর ৪ পাতায়

### সায়েন্স বিভাগের

পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের কলেজগুলির 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর / লেকচারশিপ' পদে চাকরি ও 'জুনিয়র রিসার্চ ফেলোশিপে'র জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আর বৈজ্ঞানিক ও শিল্প সংক্রান্ত গবেষণা সংসদ (CSIR-UGC Test) 'ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট

এরপর ২ পাতায়

ফার্মাসির ডিপ্লোমা কোর্সে ভর্তির শেষ সুযোগ 2019-20 (ব্যাঙ্গালোর)

- যেকোনো বয়সের ছেলেমেয়েরাই কোর্সটি করতে পারবে
- ন্যূনতম 45% নাম্বার সহ Physics, Chemistry নিয়ে H.S পাশ
- যারা ঔষধ দোকানের সঙ্গে যুক্ত তাদের ক্ষেত্রে এই কোর্সটি করার জন্য বিশেষ সুবিধা আছে
- ব্যাঙ্গালোরে বছরে একবারই পরীক্ষা নেওয়া হয়

ভর্তির জন্য যোগাযোগ করুন



প্যারামেডিক্যাল Diploma

DMLT, DXT, DOTT DOT, DDT, DDH, DDM, DMRT

Eligibility : 12th Science (PCB)- 2 yrs. (except DDH, DOT) 12th Arts / Commerce - 3 yrs.

B.Sc. Degree Course

Perfusion Technology, Respiratory, Dialysis, Cardiac Care, Radiology & Imaging Technology, Opthalmology, Anaesthesia etc.

শুধুমাত্র নিজস্ব হাসপাতাল যুক্ত ও Reputed Medical কলেজে সরাসরি ভর্তি

GNM | B.Sc. Nursing | ব্যাঙ্গালোর বয়স : 17-35

শেষ 5টি সীটের জন্য যোগাযোগ করুন

ছাত্রছাত্রী ও অভিভাবকের উদ্দেশ্যে

- শিক্ষার্থীর ভবিষ্যত নিয়ে আপোস নয়। তাই গিফট্ অথবা ডিসকাউন্টের ফাঁদে পা দেবেন না।
- আমরা Exclusive Authorized Advisor হিসাবে একাধিক মেডিক্যাল কলেজের সঙ্গে যুক্ত।
- একমাত্র মেডিক্যাল কলেজ যুক্ত নার্সিং কলেজের সার্টিফিকেটই পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে সরকারি ও বেসরকারি চাকরির ক্ষেত্রে অগ্রাধিকার পেয়ে থাকে।

INNOVATIVE CAREER FOUNDATION
H.O : ডালহৌসী, কলকাতা
033-46042059 / 9051519293

উঃ, দঃ ২৪ পরগনা ও নদিয়া - 7980369219
বর্ধমান ও দুর্গাপুর - 8597978485, হাওড়া ও হুগলি - 7890650288
রায়গঞ্জ ও মালদা - 9531730855, রামপুরহাট ও মুরারই - 9775115655

## ন্যাবার্ডে ৮২ অ্যাসিস্ট্যান্ট

ন্যাশনাল ব্যাঙ্ক ফর অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (ন্যাবার্ড) রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কিং সার্ভিসে 'ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট' পদে ৮২ জন ছেলেমেয়ে নিচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংয়ের কাজে জ্ঞান থাকতে হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১-৯-২০১৯'র হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৯-১৯৮৪ থেকে ১-৯-২০০১'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি.'রা ১৩, তপশিলীরা ১৫) বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৩,১৫০-৩৪,৯৯০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ৩২,০০০ টাকা। শুরুতে ২ বছরের প্রবেশন। তবে আরো ১ বছর প্রবেশনে থাকতে হবে। শূন্যপদ : ৮২টি।

এর মধ্যে আন্ধ্রা প্রদেশ

এরপর ৪ পাতায়

## অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

পশ্চিমবঙ্গ সরকারের অধীন সংস্থা পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বিতরণ কোম্পানি লিমিটেড 'অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার' পদে কিছু লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

এরপর ৪ পাতায়

## ৫০ অ্যাপ্রেন্টিস

ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড 'গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং অ্যাপ্রেন্টিস' হিসাবে ৫০ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, সিভিল।

এরপর ১৫ পাতায়

PRIMARY TET-এ এগিয়ে থাকো সেরার সাথে

Latest Syllabus ও 2019-20 সালের নতুন Question Pattern অনুযায়ী




SAMPLE QUESTION PAPERS

- Authentic স্টাডি মেটিরিয়াল
- প্রায় 5000 MCQs
- Subject-wise শিক্ষাবিদ্যা (Pedagogy)
- Completely Solved বিগত বছরের প্রশ্নপত্র

chhaya prakashani pvt. ltd.

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে

## ডাকযোগে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ডিরেক্টরেট অফ ডিস্ট্যান্স এডুকেশনে ২ বছরের এম.এ., এম.এসসি. ও এম.কম. কোর্সে ভরতি শুরু হয়েছে।

(১) এম.এ. কোর্স পড়ানো হবে এইসব বিষয়ে : বাংলা, ইংরিজি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান ও সংস্কৃত। যে বিষয়ে এম.এ. পড়তে চান, সেই বিষয়ের অনার্স / স্পেশাল অনার্স কোর্স পাশরা যোগ্য। ৩ বছরের জেনারেল গ্র্যাজুয়েট বা, ৩ বছরের পাস কোর্সের গ্র্যাজুয়েটরা সংশ্লিষ্ট বিষয়ে ৩০০ নম্বর নিয়ে পাশ করে থাকলেও যোগ্য। ২ বছরের পাস কোর্সে গ্র্যাজুয়েটরা সংশ্লিষ্ট বিষয়ে ১ বছরের ব্রিজ কোর্স পাশ হলেও যোগ্য। মাস্টার ডিগ্রি কোর্স পাশরা আবার এম.এ. করতে চাইলে, ডিগ্রি কোর্সে সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৩০০ নম্বর নিয়ে পড়াশোনা করে থাকতে হবে। ফী ৪,৫০০ টাকা।

(২) এম.কম. কোর্স : অনার্স / স্পেশাল অনার্স কোর্স পাশরা যোগ্য। ৩ বছরের জেনারেল গ্র্যাজুয়েট বা, ৩ বছরের পাস কোর্সের গ্র্যাজুয়েটরা সংশ্লিষ্ট বিষয়ে ৩০০ নম্বর নিয়ে পাশ করে থাকলেও যোগ্য। ২ বছরের পাস কোর্সের গ্র্যাজুয়েটরা সংশ্লিষ্ট বিষয়ে ১ বছরের ব্রিজ কোর্স পাশ

এরপর ৭ পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

### স্কুল-কলেজ-শিক্ষা

**SI CLASSES**
-এর WBCS কোর্স সম্পর্কে বিস্তারিত জানতে দেখুন — WWW.SICLASSES.COM
MS

**WBCS, PSC, কম্বাইন্ড**
হাতে ধরে শেখানো হয়। All Subject. ICE বালিগঞ্জ, New Admission - 9804412898.
R

### কর্মখালি

**এয়ারপোর্ট, মেট্রো ডাইরেক্ট নিয়োগ**
দমদম Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে 119 জন M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 17300/- - 45900/-. থাকা-খাওয়া ফ্রী। M : 9732296073.
SA (A)

**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্ক**
গভঃ স্বীকৃত সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে M/F নিয়োগ চলছে। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 14300/- – 42700. বয়স : 18 – 35. Ex. আর্মির বিশেষ সুযোগ। M - 9851453605.
SA (A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**
লিখিত এগ্রিমেন্ট পেপার-সহ ব্যাঙ্ক DSA ও Airport-এ কন্ট্রাক্টরের অধীনে M/F জয়েনিং চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন 18600/- – 45800/-. M – 7551841713.
SA (A)

**এয়ারপোর্ট ও মেট্রোতে**
পার্মানেন্ট জব সরকারি নিয়ম অনুযায়ী Airport ও মেট্রোতে বিনা ডোনেশনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম - স্নাতক। বেতন - 16850/- – 49400/-. PF, ESI, OT- সহ থাকা-খাওয়া ফ্রী। Mob - 7407036725.
SA (A)

যে কোনো সংস্থায় দরখাস্ত পাঠানোর আগে দরখাস্তটি জেরক্স করে এক কপি নিজের কাছে রাখবেন ও কোনো কিছু লেখা না থাকলে দরখাস্ত সব সময় সাধারণ ডাকে পাঠাবেন।

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

### স্কুল-কলেজ-শিক্ষা

**Math, G.I, GK বেলঘরিয়া**
PSC (ক্লার্ক), রেল (Gr.D/SM), ব্যাঙ্ক (ক্লার্ক/PO), WBCS, CGL, 600PM. চন্দ্র স্যার-9903500682
R

WBCS, PSC & Combined এ ভর্তি চলছে। Optional Notes-History & Anthro পাওয়া যাচ্ছে। Mock Test-WBCS, Misc. চালু হয়েছে। Mitra's- 9874553112.
SH (S)

GNM B.Sc নার্সিং ব্যাঙ্গালোর D.El.Ed, B.Ed, B.P.Ed-W.B. Ph.D, M.Phil, M.Ed-M.P., LLB, M.P.Ed, Engg, ফার্মেসী। এছাড়া যে কোন কোর্স রেগুলার : ডিস্টেন্সে হয়। BIHM, বোলপুর - 7001731491, মালদা - 9641350551.
UM

**Vision Institute**
**B.Ed & M.Ed.**
**Ph.D, LLB, Pharmacy Engg. & Management**
**GNM, B.Sc নার্সিং**
এছাড়া সব বিষয়ে ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্স (Regular & Distance)
কলকাতা — 7603004971, 7603004973/4

### কর্মখালি

**পুজোর ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে Airport, মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 109 জন M/F কর্মী চাই। যোগ্যতা -৮ম / স্নাতক। বেতন - 16700/- – 49300/-. থাকা - খাওয়া ফ্রীতে। যোগাযোগ- M : 9563998788
SA (A)

**ফোন করলেই চাকরি**
**Govt. Reg. L. No.-43162**
**M - 7479267966**
সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রোরেল ও BANK (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে এগ্রিমেন্ট পেপার-সহ সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা - নামসই - স্নাতক। বেতন (10700 – 28500)। OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা।
SA (A)

**Airport ও মেট্রো**
Govt. R/L No. - 3923. গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - 17200 – 48500. M - 8967867616.
SA (A)

প্রতি শনিবারের
**কর্মসংস্থান**
এখন প্রতি বুধবার বেরোয়
বিজ্ঞাপন দিতে হবে ১ সপ্তাহ আগে শনিবারের মধ্যে বিজ্ঞাপন জমা না দিতে পারলে, ওই বিজ্ঞাপন বেরোনোর নিশ্চয়তা বিষয়ে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আগামী ২৮ সেপ্টেম্বর সংখ্যায় বিজ্ঞাপন বের করতে হলে, বিজ্ঞাপন জমা দিতে হবে ২১ সেপ্টেম্বর, বিকেল ৫টার মধ্যে। একমাত্র পত্রিকা দফতরে। প্রতি রবিবার অফিস বন্ধ।

### স্কুল-কলেজ-শিক্ষা

**নার্সিং ও ফার্মাসি**
GNM, B.Sc নার্সিং, ANM, D.Pharma, B.Pharma, LLB, B.Ed, D.El.Ed, M.Ed, M.P.Ed সরাসরি ভর্তির শেষ সুযোগ। S.R.U সোদপুর - 9836673609, মছলন্দপুর - 8981214707, H.O- হুগলি- 8420657379.
D

**HALDAR ACADEMY**
ISO 9001 : 2015 Certified
LLB -West Bengal
No Age Limit
B.Ed.- অন্ধ্র প্রদেশ
SC/ST/OBC-40% & Gen.-50% marks
B.P.Ed.-পশ্চিমবঙ্গ
B.Ed, D.El.Ed- W.B
BA, MA, B.Sc, M.Sc, B.Com, M.Com, MP, HS
B.Sc -Agriculture, M.Sc-Physics, Chemistry, Mathematics, Nutrition
9007313724
8348041398

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555.
LG

### স্কুল-কলেজ-শিক্ষা

NSDC অনুমোদিত ফিজিওথেরাপি, প্যাথলজি, X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC - 8697893849, 32, Surya Sen St. Kol - 9
CM

**2019-21 শিক্ষাবর্ষে ভর্তির শেষ সুযোগ**
**B.Ed. / D.El.Ed.**
Recognised by NCTE & Affiliated to WBUTTEPA & WBBPE
• Hostel Facility
• Weekend Class
• SC, ST, OBC-দের স্কলারশিপের সুবিধা।
A. R College of Education
8337067403, 9836122535

**নার্সিং ভর্তি !!!**
পুং/স্ত্রী GNM (মোট ১,৫০,০০০) & BSC নার্সিং (মোট ৩,০০,০০০) INC. কলকাতায় পড়ানো হয়। MNCC - (M) 8336015296.
SH

**B.Ed/M.Ed-4000/-PM**
বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ থেকে 100%, ফ্রী বই, রবিবার ক্লাস, SC / ST দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol - 30. 9073386333, 9073386337.
SA

STARLINE
Edu Care
**HOTEL – CATERING – AVIATION MANAGEMENT SCHOOL**
Is Appointing
Student Counselling agent
In Eastern India (Full-Part time)
Also full-part time Faculty for
Food & Beverage Service / Front Office
Food Production / House Keeping
CAMPUS- Dankuni (Hooghly) W.B
Contact - 9702467369
Send CV to - info@starlinehotels.com
abhijit@starlinehospitality.com
Academics- managed by
STARLINE HOTELS & RESORTS

### কর্মখালি

**পুজোর ভ্যাকান্সি-মেট্রো, এয়ারপোর্ট ও ব্যাঙ্কে চাকরি**
**Govt. Regd. L/C. 7334**
প্রমাণপত্র-সহ পার্মানেন্ট চাকরির সুযোগ। ৮ম - স্নাতক। বেতন - 15000 – 38500. বিনা ডোনে 5 থেকে 7 দিনের মধ্যে জয়েনিং। সাথে থাকা-খাওয়া, বোনাস, OT, PF এবং যাতায়াত খরচ কোম্পানির। শীঘ্রই যোগাযোগ - M - 7479152015.
SA (A)

### কর্মখালি

**URGENT VACANCY**
বিনা ডোনেশনে গ্যারান্টি-সহ কাজ
**Govt. Regd. No.-55270**
উঃ বঙ্গ-সহ পঃ বঙ্গের সমস্ত জেলায় BANK (DSA)-তে এবং মেট্রোরেল ও Airport-এ লোক নিয়োগ চলছে। যোগ্যতা - নামসই - স্নাতক। বেতন (9500 –32500)। OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা-খাওয়া ফ্রী। M - 7479269512.
SA (A)

## বিশেষ বিজ্ঞপ্তি

কোনো বিশ্ববিদ্যালয় / পর্ষদ / সংসদ অনুমোদিত কোনো 'পাঠ কেন্দ্র' (Study Centre) 'কর্মসংস্থান' পত্রিকায় বিজ্ঞাপন দিতে চাইলে, ওই বিশ্ববিদ্যালয় / পর্ষদ / সংসদ সরকারি কোন সংস্থার কাছ থেকে কী কী শর্তে কীভাবে অনুমোদন পেয়েছে, তার কার্যকলাপ চালানোর এলাকা-সহ যাবতীয় সরকারি প্রমাণপত্রের আর ওই বিশ্ববিদ্যালয় / পর্ষদ / সংসদ থেকে পাওয়া 'পাঠ কেন্দ্র' গড়ার অনুমোদন পত্রের যথাযথ নকল জমা দিতে হবে। 'পাঠ কেন্দ্রে'র প্রতিষ্ঠান যে ঠিকানায় ওই 'পাঠ কেন্দ্র' গড়ার অনুমোদন পেয়েছেন, বিজ্ঞাপনে শুধুমাত্র সেই ঠিকানা দিতে পারবেন। অনুমোদন / অনুমতি পত্রে যথেচ্ছ শাখা খোলার অনুমতি না দেওয়া থাকলে অন্য কোনো ঠিকানা ওই 'পাঠ কেন্দ্রে'র শাখা হিসাবে বিজ্ঞাপনে ব্যবহার করা যাবে না। ছাত্র-ছাত্রীদের কাছে বিজ্ঞাপনদাতা প্রতিষ্ঠানগুলির গ্রহণযোগ্যতা আরো বাড়াতে আর বিজ্ঞাপনদাতাদের সম্মান ও গুরুত্ব বাড়াতে এই ব্যবস্থা।

— কর্তৃপক্ষ, কর্মসংস্থান

### শিক্ষক-শিক্ষিকা

দক্ষিণ ২৪ পরগনার জয়নগরের দক্ষিণ বারাশত স্টেশন থেকে ৯ কিমি দূরে এক বেসরকারি প্রাইমারি স্কুলের জন্যে কমপক্ষে উচ্চমাধ্যমিক পাশ শিক্ষক / শিক্ষিকা দরকার। নাচ, গান, অঙ্কন, ব্রতচারিতে দক্ষতা বিশেষ গুরুত্ব পাবে। মাসিক সাম্মানিক : ৩,০০০ - ৫,০০০ টাকা। এছাড়া মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের তালিম দিতে সক্ষম অঙ্ক, ফিজিক্স ও বাংলার শিক্ষক শিক্ষিকা দরকার। নির্দিষ্ট বিষয়ে অন্তত সাম্মানিক-সহ স্নাতক হতে হবে। অবসরপ্রাপ্ত শিক্ষক শিক্ষিকারাও যোগ্য। সপ্তাহে ২ - ৫ দিন ক্লাস। সকাল ৭টা - ৯টা। মাসিক সাম্মানিক : ২,০০০ - ৪,০০০ টাকা। ফোন নম্বর, নাম, বাবা / স্বামীর নাম, ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অতিরিক্ত যোগ্যতার বিবরণ দিয়ে সাদা কাগজে দরখাস্ত পাঠান। সঙ্গে দিতে হবে বয়সের প্রমাণপত্র, প্রতিটি পরীক্ষার মার্কশিট ও অতিরিক্ত যোগ্যতার শংসাপত্রের প্রতিলিপি। প্রাথমিক, না মাধ্যমিক বিভাগের জন্য আবেদন তা খামের ওপর লিখে দেবেন। পাঠাবেন এই ঠিকানায় : বক্স নং - ২১৯২০১৯, কর্মসংস্থান, ১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯। দরখাস্ত জমার শেষ তারিখ ৩০.০৯.২০১৯।
SH

## স্বাস্থ্য দফতরে ২০ লাইব্রেরিয়ান

১ পাতার পর

কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে। মূল মাইনে : গ্র্যাজুয়েটদের জন্য ৭,১০০-৩৭,৬০০ টাকা, পে ব্যান্ড ৮,৩৭০ টাকা, গ্রেড পে ৩,৯০০ টাকা। মাস্টার ডিগ্রি কোর্স পাশদের বেলায় ৭,১০০-৩৭,৬০০ টাকা। পে ব্যান্ড ৮,৬৫০ টাকা, গ্রেড পে ৪,১০০ টাকা। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি ২, ও.বি.সি. -বি ক্যাটেগরি ২, প্রতিবন্ধী ১)।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর হবে ইন্টারভিউ। প্রার্থীর সংখ্যা বেশি হলে ইন্টারভিউয়ের আগে প্রিলিমিনারি টেস্ট হবে। মাধ্যমিকের জন্য থাকবে ১০ নম্বর, উচ্চমাধ্যমিকের জন্য থাকবে ১০ নম্বর, ডিগ্রি কোর্সের জন্য ১০ নম্বর, লাইব্রেরির সায়েন্সের ডিগ্রি কোর্স পাশদের জন্য ৩০ নম্বর, লাইব্রেরি সায়েন্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশদের জন্য ১০ নম্বর, অভিজ্ঞতার জন্য ১৫ নম্বর। ইন্টারভিউয়ে থাকবে ১৫ নম্বর।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhrb.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এবার পরীক্ষা ফী বাবদ ১৬০ টাকা অনলাইনে জমা দেবেন এই অ্যাকাউন্টে : 0051-00-104-002-16'. তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সায়েন্স বিভাগের

১ পাতার পর

বা, 'NET' পরীক্ষার জন্য এখন দরখাস্ত নিচ্ছে।

বি.এস. (৪ বছর), বি.ই. / বি.টেক. / বি. ফার্মা / এম.বি.বি.এস. / বি.এস.সি. (অনার্স) / ইন্টিগ্রেটেড বি.এস.-এম.এস. পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী, দৃষ্টিহীন প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ভৌত বিজ্ঞান, জীব বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গাণিতিক বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং সায়েন্স, আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্স বিষয় নিয়ে এম. এসসি. কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী, দৃষ্টিহীন প্রতিবন্ধী ও ডক্টরেট ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীরা ১৯-৯-১৯৯১'এর আগে মাস্টার ডিগ্রি করে থাকলে ৫০%) নম্বর থাকলে আবেদন করতে পারেন। যাঁরা এবছর ওইসব শাখার এম. এসসি. বা, সমতুল কোর্সের ফাইনাল পরীক্ষা দিচ্ছেন, তাঁরাও আবেদনের যোগ্য।

জুনিয়র রিসার্চ ফেলোশিপের পরীক্ষার বেলায় বয়স হতে হবে ১-৭-২০১৯'র হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী ও মেয়েরা বয়সে ৫ বছর ছাড় পাবেন। তবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য বয়সের কোনো কড়াকড়ি নেই। এই পরীক্ষায় পাশ করলে সরাসরি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য আবেদন করতে পারবেন বা, মাসিক স্টাইপেন্ড নিয়ে জুনিয়র রিসার্চ ফেলোশিপ নিয়ে পড়াশোনা চালাতে পারবেন। জুনিয়র রিসার্চ ফেলোশিপের বেলায় প্রথম ২ বছর স্টাইপেন্ড পাবেন মাসে ৩১,০০০ টাকা। এছাড়াও বার্ষিক অনুদান পাবেন ২০,০০০ টাকা। ২ বছর পর পিএইচ.ডি. হিসাবে নাম নথিভুক্ত করে থাকলে তখন সিনিয়র রিসার্চ ফেলোশিপ হিসাবে মাসে ৩৫,০০০ টাকা স্টাইপেন্ড পাবেন।

ফেলোশিপের জন্য যাঁরা এই পরীক্ষায় পাশ করবেন, তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের যোগ্যতা পাবেন। আর অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের পরীক্ষায় পাশ করলে জুনিয়র ফেলোশিপের যোগ্যতা পাবেন।

প্রার্থী বাছাই করবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন.টি.এ.)'। ২০১৯ সালের এই 'নেট' পরীক্ষা হবে ১৫ ডিসেম্বর। পরীক্ষা হবে সি.বি.টি. মোডে। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, গুয়াহাটি, জামশেদপুর ও ভুবনেশ্বরে। পরীক্ষা হবে দু'টি শিফটে। প্রথম শিফটের পরীক্ষা হবে সাড়ে ৯টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত। দ্বিতীয় শিফটের পরীক্ষা হবে আড়াইটা থেকে সাড়ে ৫টা পর্যন্ত। পরীক্ষা কেন্দ্রে এক ঘন্টা আগে পৌঁছতে হবে।

এই পরীক্ষায় থাকবে ৩টি পার্ট। ৩ ঘন্টার ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্রাকেটে সাবজেক্ট কোড দেওয়া হল) : (১) কেমিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০১), (২) আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্স (সাবজেক্ট কোড ৭০২), (৩) লাইফ সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৩), (৪) ম্যাথমেটিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৪), (৫) ফিজিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৫)।

প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দি ভাষায়। প্রশ্নপত্র হবে ৩টি পার্টে। পার্ট-এ'তে থাকবে এইসব বিষয় : জেনারেল অ্যাপ্টিটিউট, লজিক্যাল রিজনিং, গ্রাফিক্যাল অ্যানালাইসিস, অ্যানালিটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ কম্পারিজন, সিরিজ ফর্মেশন, পাজল ইত্যাদি।

পার্ট-বি'তে থাকবে বিষয়ভিত্তিক মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। পার্ট-সি'তে থাকবে সায়েন্টিফিক কনসেপ্ট বিষয়ের জ্ঞান ও প্রয়োগ।

প্রথম ও দ্বিতীয় পার্টে প্রতিটি প্রশ্নের মান থাকবে ২ নম্বর আর তৃতীয় পার্টে প্রতিটি প্রশ্নের মান থাকবে ৪ নম্বর। প্রথম ও দ্বিতীয় পার্টে প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫ নম্বর কাটা যাবে। তৃতীয় পার্টে প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে।

**কেমিক্যাল সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৪০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৬০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১২০টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওসান ও প্ল্যানেটরি সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৮০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১৫০টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**লাইফ সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৭৫টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১৪৫টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**ম্যাথমেটিক্যাল সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৪০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি, তৃতীয় পার্টে ৬০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি অর্থাৎ, মোট ১২০টি প্রশ্নের মধ্যে ৬০টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**ফিজিক্যাল সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ২৫টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি, তৃতীয় পার্টে ৩০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি অর্থাৎ, মোট ৭৫টি প্রশ্নের মধ্যে ৫৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

ফল বেরোবে ৩১ ডিসেম্বর। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ৯ নভেম্বর থেকে। দরখাস্ত করার পর সংশোধন করতে পারবেন ১৮ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত।

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.csirnet.nic.in, www.nta.ac.in অনলাইনে দরখাস্ত করার আগে পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ২০০ কেবির মধ্যে) ও সিগনেচার (৪ থেকে ৩০ কেবির মধ্যে) 'JPEG Format'এ স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন নম্বর নোট করে নেবেন। এবার স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (ও.বি.সি.'দের বেলায় ৫০০, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও প্রতিবন্ধীদের বেলায় ২৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইউ.পি.আই. বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




## কর্মখালি [redacted]

ঘরে বসে নো টার্গেটে স্পট পেমেন্টে 1/2/3 জনে লিখে বা Comp. বই কপি, ফর্মফিলাপে আয়। Whitener Allow. A.S - 8017346226.

SH

Walk in interview শুধুমাত্র প্রতিবন্ধীদের জন্য বিভিন্ন Entry level executive post এ নিয়োগ চলছে বয়স: 18-35; ন্যূনতম মাধ্যমিক পাশ Ph: 8017033116, 9073922140 স্থান: CF 260, Saltlake Sector 1, Kolkata 700064. (বিকাশ ভবনের বিপরীতে, 6 no. Tank এর কাছে)

SH

Huge Job Vacancy in Kol: Back Office, Telecaller, Sales-Marketing, IT, Non-IT etc. Mobile: 6289744368.

SH (S)

কলকাতার একটি হোর্ডিং সংস্থা তাদের বীরভূম, কৃষ্ণনগর, বর্ধমান এবং কলকাতা অফিসের জন্য পরিশ্রমী কিছু প্রার্থী নেবেন। Mob- 9874950023 (4 P.M-6 P.M).

SH (S)

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলার P.V.T স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900) থাকা-খাওয়ার সুবিধা। M- 9830597944

SA

### স্টার হোটেলে চাকরি

ফ্রী/কম খরচে ট্রেনিং, সরাসরি জয়েনিং। বেতন, থাকা-খাওয়া ফ্রী। BIHM, বোলপুর- 9474833208

UM

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500–18500. 8436485750

SA

## কর্মখালি [redacted]

ইউকো আরসেটি, হাওড়া, অ্যাটেন্ডার পদে দরখাস্ত আহ্বান করছে। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক উত্তীর্ণ, বাংলা লিখতে ও পড়তে জানতে হবে। বেতন-৮০০০/মাসে। বয়স- ২২-৪০, দরখাস্ত ও বায়োডাটা পাঠাবেন ucorseti.howrah@gmail.com এর মাধ্যমে, ৭ অক্টোবর এর মধ্যে। Cont-033 2637 0103

SH (S)

JIO/Naaptol/SBI কাস্টঃ কেয়ারে বাংলাভাষী M/F নিয়োগ চলছে। বেতন-INC + OT-সহ 12000/-. 7044049492, 9088093059.

B

Govt. স্বীকৃত অফিসের জন্য (মাধ্যমিক + অনূর্ধ্ব 30) 120 জন M/F চাই। আয়: 10500/- +. সত্ত্বর : বিধাননগর : 8697565808.

SG

**JIO 4G, Airtel ও SBI Banking**

বাংলাভাষী কাস্টঃ কেয়ারে MP- Graduate (18-35) অভিজ্ঞ/ অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতনঃ 12,000+ অন্যান্য সুবিধা। দমদম : 8420666060, গড়িয়া : 9002033880.

R

**এক জানালায়**

বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য কর্মসংস্থান, সাফল্য ও Appointment & Career News -এর বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**

**UNIQUE MEDIA CHANNEL**
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE (EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

**পুরুলিয়া ও বাঁকুড়া**

**Manorama Ad Agency**
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

**উত্তর কলকাতা**

**SUPRIYA PUBLICITY**
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

**দক্ষিণ ২৪ পরগণা**

**Authenza Media Infotech Pvt. Ltd.**
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

appointmentnews@gmail.com
যোগাযোগ করুন এই নম্বরে - 9874922004


## দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## ন্যাবার্ডে ৮২

১ পাতার পর

২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। অরুণাচলপ্রদেশ ১টি (জেনাঃ), বিহার ২টি (জেনাঃ), ছত্তিশগড়ে ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১), গুজরাট ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ২), হরিয়ানা ৪টি (জেনাঃ)। হিমচলপ্রদেশ ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। জম্মু-কাশ্মীর ৩টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১), ঝাড়খন্ড ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১), কর্ণাটক ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। কেরল ১টি (জেনাঃ)। মধ্যপ্রদেশ ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১), মহারাষ্ট্র ২০টি (জেনাঃ ১১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ২)। মণিপুর ১টি (জেনাঃ)। মেঘালয় ১টি (জেনাঃ), নিউ দিল্লি ১টি (জেনাঃ)। ও.ড়িশা ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। পঞ্জাব ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। রাজস্থান ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। সিকিম ১টি (জেনাঃ)। তামিলনাড়ু ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। তেলেঙ্গানা ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। উত্তর প্রদেশ ৪টি (জেনাঃ ৩, তঃজাঃ ১)। উত্তরাখন্ড ৬টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে দু'টি ধাপে : প্রিলিমিনারি পরীক্ষা ও মেন পরীক্ষা। প্রিলিমিনারি পরীক্ষা হবে ২০ অক্টোবর। ১ ঘন্টার ১০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এই ৩ বিষয়ের : (১) টেস্ট অফ রিজনিং, (২) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (৩) টেস্ট অফ নিউমেরিক্যাল এবিলিটি।

প্রিলি পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ২৫ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষায় ৯০ মিনিটের ১৫০ নম্বরের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) টেস্ট অফ রিজনিং, (২) টেস্ট অফ কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, (৩) টেস্ট অফ জেনারেল অ্যাওয়ারনেস, (৪) টেস্ট অফ কম্পিউটার নলেজ। এছাড়াও ৫০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের একটি প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয়ে। সময় থাকবে ৩০ মিনিট।

অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে। এরপর হবে ইন্টারভিউ।

লিখিত পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস অ্যাডমিট কার্ডের সঙ্গেই দেওয়া হবে। অ্যাডমিট কার্ড অনলাইনেই পাবেন। এছাড়াও বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.nabard.org তপশিলী প্রার্থীদের বিনা খরচে প্রি-এক্সামিনেশন ট্রেনিং দেওয়া হবে কলকাতা, গুয়াহাটি, রাঁচী, পটনা ও শিলংয়ে। লিখিত পরীক্ষার কল লেটার একমাত্র ই-মেলে পাঠানো হবে। ডাকযোগে কোনো কল লেটার পাঠানো হবে না। এই পদের বিজ্ঞপ্তি নং : 3/DA/2019-20.

দরখাস্ত করবেন অনলাইনে, ২ অক্টোবর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.nabard.org অনলাইনে দরখাস্ত করার আগে একটি বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও দরখাস্ত করার আগে এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের ফটো, (খ) সিগনেচার, (গ) লেফট থাম্ব ইমপ্রেশন, (ঘ) এই টেক্সটি নিজের হাতে লিখে স্ক্যান করবেন — 'I ........ (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৪৫০ (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে ৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। এবার ফটো ও সিগনেচার আপলোড করবেন। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

১ পাতার পর

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)**: এ.আই.সি.টি.ই./আই.আই.টি.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের পুরো সময়ের ডিগ্রি (বি.ই. /বি. টেক. /বি.এসসি-ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ফিজিক্সের বি.এসসি. অনার্স কোর্স পাশরা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের বি.টেক. কোর্স পাশ হলেও আবেদনের যোগ্য। মূল মাইনে : ১৫,৬০০-৩৯,১০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ৫২,৬৫০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)**: এ.আই.সি.টি.ই./ আই.আই.টি.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং বা, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের পুরো সময়ের ডিগ্রি (বি.ই. /বি. টেক./বি.এসসি-ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাইনে ওপরের মতো।

সব ক্ষেত্রেই ২০২০ সালের 'গেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০১৯'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের প্রবেশন। এই পদের বিজ্ঞপ্তি নং : MPP/2019/06.

এখন 'গেট-২০২০' সালের পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হচ্ছে। এবছর যাঁরা 'গেট' পরীক্ষা দেবেন, তাঁরাই শুধুমাত্র পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বিতরণ সংস্থায় দরখাস্ত করতে পারবেন। রাজ্য বিদ্যুৎ বিতরণ সংস্থায় দরখাস্ত করতে পারবেন আগামী বছর জানুয়ারি থেকে। কবে থেকে দরখাস্ত নেওয়া হবে তা ওয়েবসাইটে দেওয়া হবে। 'গেট' পরীক্ষা হবে ১, ২, ৮, ৯ ফেব্রুয়ারি। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ৩ জানুয়ারি থেকে। ফল বেরোবে ১৬ মার্চ।

২০২০ সালের 'গেট' পরীক্ষার দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : http://appsgate.iitd.ac.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## আর্টস বিভাগের

১ পাতার পর

জন্য 'ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট (UGC-NET)' পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হচ্ছে। পরীক্ষা নেবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন.টি.এ.)'।

ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (ও.বি.সি., তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এবছরের ফাইনাল পরীক্ষার্থীরা কিংবা যাঁদের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের ফল এখনো বেরোয়নি, তাঁরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় 'নেট' পরীক্ষার ফল বেরোনোর ২ বছরের মধ্যে ওই শতকরা হারে নম্বর পেয়ে পাশ করার বিষয়ে নিশ্চিত থাকতে হবে।

১৯৯১ সালের ১৯ সেপ্টেম্বরের মধ্যে যাঁরা মাস্টার ডিগ্রি কোর্স পাশ করে পিএইচ.ডি. করেছেন, তাঁরা পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫% নম্বরে ছাড় পাবেন।

২০০৯ সালের ইউ.জি.সি. আইনানুযায়ী পিএইচ.ডি. ডিগ্রি থাকলে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য এই 'নেট' পরীক্ষা দিতে হবে না।

২০০২ সালের ১ ডিসেম্বরের আগে 'সেট' পরীক্ষায় কোয়ালিফাই করে থাকলে সারা ভারতের যে কোনো জায়গায় অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য 'নেট' পরীক্ষা দিতে হবে না। ২০০২ সালের ১ ডিসেম্বরের পর 'সেট' কোয়ালিফাই করলে শুধুমাত্র পশ্চিমবঙ্গের প্রতিষ্ঠানগুলিতে অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য আবেদন করতে পারবেন।

জুনিয়র রিসার্চ ফেলোশিপের পরীক্ষার বেলায় বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী ও মেয়েরা বয়সে ৫ বছর ছাড় পাবেন। তবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য বয়সের কোনো কড়াকড়ি নেই। এই পরীক্ষায় পাশ করলে সরাসরি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য আবেদন করতে পারবেন বা, মাসিক স্টাইপেন্ড নিয়ে জুনিয়র রিসার্চ ফেলোশিপ নিয়ে পড়াশোনা চালাতে পারবেন। সফল হলে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে চাকরি। ফেলোশিপের জন্য যাঁরা এইপরীক্ষায় পাশ করবেন, তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের যোগ্যতা পাবেন। আর অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের পরীক্ষায় পাশ করলে জুনিয়র ফেলোশিপের যোগ্যতা পাবেন।

২০১৯ সালের এই 'নেট' পরীক্ষা হবে ২ ডিসেম্বর থেকে ৬ ডিসেম্বরের মধ্যে। পরীক্ষা হবে দু'টি শিপটে। প্রথম শিফটের পরীক্ষা হবে সাড়ে ৯টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত। দ্বিতীয় শিফটের পরীক্ষা হবে আড়াইটা থেকে সাড়ে ৫টা পর্যন্ত। পরীক্ষা কেন্দ্রে এক ঘন্টা আগে পৌঁছতে হবে। এই পরীক্ষায় থাকবে ২টি পত্র। প্রথম পেপারে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ১০০ নম্বরের পরীক্ষা হবে এইসব বিষয়ে : টেস্ট অফ রিজনিং এবিলিটি, কমপ্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস। এই পেপারে মোট ৫০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর।

দ্বিতীয় পেপারে অবজেক্টিভ টাইপের ২০০ নম্বরের পরীক্ষা হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। এই পেপারে মোট ১০০টি প্রশ্ন থাকবে ও প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। প্রথম ও দ্বিতীয় পেপারে সময় থাকবে ৩ ঘন্টা। নেগেটিভ মার্কিং নেই।

পরীক্ষা সম্পর্কে আরো বিস্তারিত তথ্য ও সিলেবাস জানতে পারবেন এই ওয়েবসাইটে : www.ugcnetonline.in কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন।

দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে এইসব বিষয়ের মধ্যে যে বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট হয়েছেন (ব্র্যাকেটে বিষয়ের কোড নম্বর দেওয়া হল) : অর্থনীতি (৮০১), রাষ্ট্রবিজ্ঞান (৮০২), দর্শন (৮০৩), মনস্তত্ত্ব (৮০৪), সমাজতত্ত্ব (৮০৫), ইতিহাস (৮০৬), নৃতত্ত্ব (৮০৭), বাণিজ্য (৮০৮), শিক্ষা (৮০৯), সোশ্যাল ওয়ার্ক (৮১০), ডিফেন্স অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (৮১১), হোম সায়েন্স (৮১২), গণ প্রশাসন (৮১৩), পপুলেশন স্টাডিজ (৮১৪), সঙ্গীত (৮১৫), ম্যানেজমেন্ট (৮১৬), বাংলা (৮১৮), হিন্দি (৮১৯), সংস্কৃত (৮২৪), উর্দু (৮২৭), আরবি (৮২৮), ইংলিশ (৮২৯), লিঙ্গুয়িস্টিক্স (৮৩০), আসামীজ (৮৩৫), লেবার ওয়েলফেয়ার, পার্সোনেল ম্যানেজমেন্ট, লেবার ও সোশ্যাল ওয়েলফেয়ার, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (৮৫০), আইন (৮৫১), লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স (৮৫২), ম্যাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম (৮৫৫), পারফর্মিং আর্ট- ডান্স/ড্রামা /থিয়েটার (৮৫৬), মিউজিওলজি ও কনজার্ভেশন (৮৫৭), আর্কিওলজি (৮৫৮), ক্রিমিনোলজি (৮৫৯), কম্পারেটিভ লিটারেচার (৮৬২), উইমেন স্টাডিজ (৮৭৮), ভিশুয়াল আর্ট (ড্রয়িং ও পেন্টিং, স্কাল্পচার, গ্রাফিক্স, অ্যাপ্লায়েড আর্ট, হিস্ট্রি অফ আর্ট) (৮৭৯), কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশন (৮৮১), ফরেন্সিক সায়েন্স (৮৮৫), সোশ্যাল মেডিসিন অ্যান্ড কমিউনিটি হেলথ (৮৮৬), ভূগোল (৮৮৭), হিস্ট্রি অফ আর্ট (৮৮৮), অ্যাপ্লায়েড আর্ট (৮৮৯), গ্রাফিক্স (৮৯০), ইলেক্ট্রনিক সায়েন্স (৮৯১), এনভায়রণমেন্টাল সায়েন্স (৮৯২), ইন্টারন্যাশনাল অ্যান্ড এরিয়া স্টাডিজ (৮৯৩), মানবাধিকার ও কর্তব্য (৮৯৫), ট্যুরিজম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (৮৯৬), সাঁওতাড় (৯০০)।

প্রার্থী বাছাই করবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন.টি.এ.)'। এই পরীক্ষা হবে ২ ডিসেম্বর থেকে ৬ ডিসেম্বরের মধ্যে।

পূর্ব ভারতের এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের কলকাতা, আসানসোল, বর্ধমান, দুর্গাপুর, হুগলি, হাওড়া, কল্যাণী, শিলিগুড়ি। অসমের ডিব্রুগড়, গুয়াহাটি, জোড়হাট, শিলচর ও তেজপুর। ঝাড়খন্ডের বোকারো, ধানবাদ, জামশেদপুর, রাঁচী, হাজারিবাগ, ওড়িশার আঙ্গুল, বালাসোর, রৌরকেলা, সম্বলপুর, ভুবনেশ্বর, বেরহামপুর, কটক। সিকিমের গ্যাংটক। ত্রিপুরার আগরতলা। ফল বেরোবে ৩১ ডিসেম্বর। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ৯ নভেম্বর থেকে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ntanet.nic.in অনলাইনে দরখাস্ত করার আগে পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ২০০ কেবির মধ্যে) ও সিগনেচার (৪ থেকে ৩০ কেবির মধ্যে) 'JPEG Format'এ স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন নম্বর নোট করে নেবেন। এবার স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (জেনাঃ ই.ডব্লু.এস. আর ও.বি.সি.'দের বেলায় ৫০০, তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ট্রান্সজেন্ডার ও প্রতিবন্ধীদের বেলায় ২৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। দরখাস্ত করার পর সংশোধন করতে পারবেন ১৮ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত।


## চাকরির পরীক্ষায় Common কীভাবে পাব ??

- চমকে দেওয়ার জন্য এই প্রশ্ন নয়। 'কর্মসংস্থান', 'সাফল্য' প্রকাশনা সংস্থার সরকারি চাকরির ব্যাপারে ৩১ বছরের দীর্ঘ অভিজ্ঞতা থেকে বলা হয়েছে। এখন আপনাদের মনে এই প্রশ্ন আসতেই পারে আমরা কেন এমন ভাবছি? আগে প্রতিটি পরীক্ষার প্রশ্নের ধরণ ও ট্রেন্ড বুঝতে হবে।
- প্রত্যেক বছর কেন্দ্র- রাজ্য মিলিয়ে কয়েক লাখ পদের সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোয়। আর প্রত্যেক সপ্তাহে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে এই জিজ্ঞাসা নিয়ে যে চাকরির পরীক্ষায় কি পড়লে common পাব? ওইসব চিঠিপত্র থেকে এইটুকু বোঝা যায় পরীক্ষার্থীরা কীভাবে পড়লে পরীক্ষায় common পাবে সেই ধ্যান ধারণা না জেনেই সব পরীক্ষাতে apply করে। ফলে যা হওয়ার তাই হয়। সব পরীক্ষাতে apply করলেও সঠিক study material -এর অভাবে পরীক্ষাগুলো crack করতে পারে না।
- এই সমস্যার সমাধানের জন্য আমরা প্রত্যেক মাসের ১ ও ১৫ তারিখ প্রতিটি সরকারি চাকরির study material হিসাবে একদম নতুন ভাবে বের করছি সাফল্য সাফল্য পত্রিকা দুটি।
- এই বিষয় আরও একটা কথা বলে রাখি, সরকারি চাকরির পরীক্ষায় 'common' বলে কিছু হয় না। 'uncommon'-এর মধ্যে থেকে 'common' কীভাবে বের করতে হয় তা জানাটাই আসল চাবিকাঠি।
- একটা কথা নিশ্চিত ভাবে বলা যায়, সাফল্য ও সাফল্য সাধারণ জ্ঞান পত্রিকা যদি আপনারা ১ বছর ঠিকঠাক follow করেন তাহলে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্ভাব্য সবরকমের চাকরির পরীক্ষায় আপনারা কাছে uncommon বলে কিছু থাকবে না।







আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।

**Help Line : 983062 4170**


## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সফটওয়্যার ইঞ্জিনিয়ার থেকে কীভাবে ডব্লু.বি.সি.এস অফিসার হলাম

সাফল্যের চাবিকাঠি



অভিষেক সরকার

আমার বাড়ি কলকাতায়। বাবা কেন্দ্রীয় সরকারের প্রাক্তন কর্মী। স্থানীয় স্কুল থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করেছি। এরপর কলকাতার নেতাজী সুভাষ ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে ২০১৩ সালে ইনফর্মেশন টেকনোলজি বিষয় নিয়ে বি.টেক. পাশ করি। এরপর একটা বহুজাতিক সংস্থায় সফটওয়্যার ইঞ্জিনিয়ার পদে যোগ দিই। ওই সংস্থায় কাজ করতে করতে ডব্লু.বি.সি.এস পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়া শুরু করি। ২০১৫ সালে প্রথম ডব্লু.বি.সি.এস পরীক্ষায় বসি। প্রিলিমিনারিতে কোয়ালিফাই করলেও 'মেন' পরীক্ষায় পাশ করতে পারিনি। ২০১৬ সালে ইন্টারভিউ দিয়েছিলাম কিন্তু চূড়ান্ত সাফল্য আসেনি। মনোবল শক্ত করে আবার ২০১৭ সালে ডব্লু.বি.সি.এস পরীক্ষায় বসি।

প্রস্তুতির প্রথম পর্ব থেকে ঠিক করে নিয়েছিলাম কোন বিষয়ের জন্য কী পড়ব আর কী পড়ব না। সময়ের ব্যবধান খুব কম থাকে বলে প্রিলিমিনারি ও 'মেন' পরীক্ষার সব 'কমন' বিষয়ের জন্য একযোগে প্রস্তুতি নিয়েছিলাম। প্রিলিমিনারি পরীক্ষার ৭টি বিষয়ের জন্য পড়েছিলাম এইসব লেখকের বই : (১) ইংরিজি গ্রামার : মাধ্যমিকের ইংরিজি গ্রামারের বই ও পুরনো প্রশ্নপত্র দেখে অনুশীলন করেছি, (২) ম্যাথমেটিক্স ও জেনারেল ইন্টেলিজেন্স : আর. এস. আগরওয়াল, (৩) ভারতীয় সংবিধান ও অর্থনীতি : লক্ষ্মীকান্ত ও রমেশ সিংহ, (৪) ভারতীয় ইতিহাস : এন.সি.ই.আর.টি ও মাধ্যমিকের পাঠ্যবই, (৫) ভারতীয় ভূগোল : এন.সি.ই.আর.টি ও কার্তিকচন্দ্র মণ্ডল, (৬) ভারতের স্বাধীনতা সংগ্রাম : এন.সি.ই.আর.টি, (৭) কারেন্ট অ্যাফেয়ার্স ও জেনারেল নলেজ : 'কর্মসংস্থান' ও 'Appointment & Career News'.

প্রিলিমিনারির ২০০ নম্বরের পরীক্ষায় আমি ১৫৫টি প্রশ্নের উত্তর লিখেছিলাম। এই পরীক্ষায় কাট অফ নম্বর জানা যায় না, তবে ৬০% প্রশ্নের সঠিক উত্তর লিখতে পারলে আশার আলো দেখা যায়।

'মেন' পরীক্ষার জন্য হাতে পেয়েছিলাম ২ মাস। এই সামান্য সময়ে পুরনো সব পড়া বারবার পড়েছি। ঘড়ি ধরে মহড়া পরীক্ষায় বসেছি। টাইম ম্যানেজমেন্ট সম্পর্কে সচেতন থাকতে মহড়া পরীক্ষার পর ঘড়ি ধরে মিলিয়ে দেখতাম নির্ধারিত সময়ের মধ্যে কোন বিষয়ে ক'টি প্রশ্নের উত্তর লিখতে পেরেছি। বাংলা ও ইংরিজি বিষয়ের জন্য নিয়মিত একাধিক সংবাদপত্র (বিশেষভাবে নজর দিতাম সম্পাদকীয় বিষয়ে) পড়েছি ও নিয়মিত লেখার অনুশীলন করতাম। আমার ঐচ্ছিক বিষয় ছিল রাষ্ট্রবিজ্ঞান। এই বিষয়ের জন্য ডিগ্রি কোর্সের পাঠ্য বই ছাড়াও পড়েছি লক্ষ্মীকান্তের বই। 'মেন'র প্রতিটি বিষয়ে ৬০% প্রশ্নের উত্তর লিখেছিলাম।

পার্সোন্যালিটি টেস্টের জন্য নিয়মিত মহড়া ইন্টারভিউয়ের মাধ্যমে নিজেকে তৈরি করেছি। পুরনো পাঠ্য বিষয়ে চোখ বোলাতাম। সাম্প্রতিক ঘটনা সম্পর্কে সচেতন থাকতে রোজ একাধিক সংবাদপত্র দেখতাম। ইন্টারভিউ হয়েছিল পাব্লিক সার্ভিস কমিশনের সদর কার্যালয়ে। বোর্ডে ছিলেন মোট ৪ জন সদস্য। বোর্ডের সদস্যরা আমার সঙ্গে খুব সহযোগিতা ও আন্তরিক ব্যবহার করেন। আমার পারিবারিক পরিচয়, হবি, ভারতীয় সংবিধান, জেলা পরিচিতি ও ডব্লু.বি.সি.এস'র কাজ সম্পর্কে বিভিন্ন প্রশ্ন ধরা হয়। আমি হাসিমুখে প্রশ্নকর্তাদের ৮০% প্রশ্নের জবাব দিয়েছিলাম। চূড়ান্ত ফল বেরিয়েছে এবছরের ২২ ফেব্রুয়ারি। ডব্লু.বি.সি.এস পরীক্ষায় গ্রুপ 'সি'এ সফল হয়ে শিশু উন্নয়ন আধিকারিক পদে চাকরি পেয়েছি।

## ২২৪ স্টেনো, ক্লার্ক

১ পাতার পর

থাকলে কিংবা কম্পিউটারে ঘন্টায় অন্তত ৯,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১। পোস্ট কোড : 0402.

**স্টোর অ্যাসিস্ট্যান্ট 'A' (ইংলিশ টাইপিং)** : উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলেও আবেদন করতে পারেন। শূন্যপদ : ২৮টি (জেনাঃ ২১ ও.বি.সি. ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। পোস্ট কোড : 0501.

**স্টোর অ্যাসিস্ট্যান্ট 'A' (হিন্দি টাইপিং)** : উচ্চমাধ্যমিক পাশরা হিন্দি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ৯,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলেও আবেদন করতে পারেন। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১)। পোস্ট কোড : 0502.

**সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট 'A'** : উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। প্রাক্তন সমরকর্মীদের বেলায় আর্মড ফোর্সেস সার্টিফিকেট থাকতে হবে। শারীরিকভাবে সুস্থ ও কঠোর পরিশ্রম করার মানসিকতা থাকতে হবে। শূন্যপদ : ৪০টি (জেনাঃ ২৭, ও.বি.সি. ৮, তঃজাঃ ৫)। পোস্ট কোড : 0601.

**ক্লার্ক (ক্যান্টিন ম্যানেজার গ্রেড-III)** : মাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি কিংবা কম্পিউটারে ৮,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো সরকারি, আধা সরকারি বা, স্ব-স্বাসিত সংস্থায় ক্যান্টিন ম্যানেজমেন্টের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৩টি (জেনাঃ)। পোস্ট কোড : 0701.

**অ্যাসিস্ট্যান্ট হালওয়াই কাম কুক** : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। কুকিংয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ২৯টি (জেনাঃ ২৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ১)। পোস্ট কোড : 0801.

**ভেহিক্যাল অপারেটর -A** : মাধ্যমিক পাশরা হাল্কা, ভারি ও ২/৩ চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে যোগ্য। মোটর মেকানিকজমের কাজে জ্ঞান থাকতে হবে। গাড়ি চালানোর কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ২৩টি (জেনাঃ ১৭, ও.বি.সি. ২, তঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২)। পোস্ট কোড : 0901.

**ফায়ার ইঞ্জিন ড্রাইভার -A** : মাধ্যমিক পাশরা হাল্কা, ভারি ও ২/৩ চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে যোগ্য। ট্রাফিক আইন সংক্রান্ত বিষয়ে জ্ঞান থাকতে হবে। শারীরিকভাবে সুস্থ ও কাজ করায় দক্ষ হতে হবে। শূন্যপদ : ৬টি (জেনাঃ)। পোস্ট কোড : 1001.

**ফায়ারম্যান** : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। শারীরিকভাবে সুস্থ ও কাজ করায় দক্ষ হতে হবে। শূন্যপদ : ২০টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৪, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট কোড : 1101.

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১৫-১০-২০১৯'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী, বিধবা ও সরকারি কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। চাকরি হবে ভারতের যে কোনো জায়গায়। মূল মাইনে : স্টেনোগ্রাফার পদে ২৫,৫০০-৮১,১০০ টাকা আর অন্যান্য পদের বেলায় ১৯,৯০০-৬৩,২০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : CEPTAM -09/A&A.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে দু'টি পার্টে : টায়ার -I ও টায়ার -II. প্রশ্ন হবে ইংরিজিতে।

পোস্ট কোড ০৩০১, ০৪০১, ০৪০২, ০৫০১, ০৫০২'এর বেলায় প্রথম পার্টের পরীক্ষায় থাকবে ১৫০ নম্বরের ১৫০ টি প্রশ্ন এইসব বিষয়ে : (১) কোয়ান্টিটেটিভ এবিলিটি /অ্যাপ্টিটিউট, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, জেনারেল অ্যাওয়ারনেস, জেনারেল সায়েন্স, অ্যারিথমেটিক ও নিউমেরিক্যাল এবিলিটি -৫০টি প্রশ্ন, (২) জেনারেল ইংলিশ ৫০টি প্রশ্ন, (৩) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৫০টি প্রশ্ন।

পোস্ট কোড ০৬০১, ০৭০১, ০৮০১, ০৯০১, ১০০১, ১১০১-এর বেলায় প্রথম পার্টের পরীক্ষায় থাকবে ১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন এইসব বিষয়ে :(১) কোয়ান্টিটেটিভ এবিলিটি/অ্যাপ্টিটিউট, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, জেনারেল অ্যাওয়ারনেস, জেনারেল সায়েন্স, অ্যারিথমেটিক ও নিউমেরিক্যাল এবিলিটি -১০০টি প্রশ্ন, (২) জেনারেল ইংলিশ ২৫টি প্রশ্ন, (৩) সংশ্লিষ্ট পদ অনুযায়ী -২৫টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা।

এই পেপারে কোয়ালিফাই করলে মোট শূন্যপদের ১২ গুণ প্রার্থীকে দ্বিতীয় পার্টের পরীক্ষার জন্য ডাকা হবে। এই পরীক্ষায় থাকবে ট্রেড টেস্ট, স্কিল টেস্ট, ফিজিক্যাল টেস্ট। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, ভুবনেশ্বর, গুয়াহাটি, রাঁচী, পটনা, বারাণসীতে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটে : www.drdo.org

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ সেপ্টেম্বর থেকে ১৫ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.drdo.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার আর বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, আইডেন্টিটি কার্ড, লেফট থাম্ব ইমপ্রেশন ইত্যাদি প্রমাণপত্র জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


শিলিগুড়ি ও ব্যারাকপুর আর্মি র‍্যালিতে GD, TDN, CLK, TECH, NUR. ASST-এ

যেসব প্রার্থী মেডিক্যাল / রি-মেডিক্যালে ফিট হয়েছেন তাদের মধ্যে ২০০ জনকে স্বল্প খরচে লিখিত পরীক্ষার প্রস্তুতি দেওয়া হবে, ভর্তি চলছে। এছাড়াও ভর্তি চলছে : বহরমপুর র‍্যালির মাঠের প্রস্তুতি, WBP Constable ও S.I. (Pre/Mains), CISF Head Constable। পরবর্তী ব্যাচ ২১, ২৫, ৩০ সেপ্টেম্বর ২ ও ৫ অক্টোবর'১৯। ট্রেড অনুযায়ী বিষয়ভিত্তিক পৃথক ক্লাস। ইংরেজি এবং বাংলাতে কমনযোগ্য স্টাডি মেটেরিয়ালস ও মক টেস্ট। দুর্বল প্রার্থীদের অঙ্ক, ইংরেজি ও মাঠের প্রস্তুতিতে বিশেষ নজরদারি। নিজস্ব হোস্টেলে থাকা-খাওয়ার সুব্যবস্থা। যোগাযোগ : H.O.- ৪৫৪, পি. কে. গুহ রোড, এয়ারপোর্ট গেট নং-১, কল-২৮, ফোন- ৯৮৩৬৬৩৫৫৫৫। রাজারহাট- ৯৮৩১২৩৪২৩৫। শিলিগুড়ি- ৭৮৯০০০৯৬৭২। গড়িয়া- ৮৪২০৯১৯৭৬৫।



DIRECT-ITI
ADMISSION, NO MARKS BAR!!
Electrician , Surveyor.
কোর্স চলাকালীন FREE তে সরকারি চাকরি বা HIGHER STUDY ENTRANCE EXAMINATION কোচিং এর ব্যবস্থা আছে।
আগে আসার ভিত্তিতে প্রথম 20 জনকে Admission Fee -এর উপর 10% Discount দেওয়া হবে।
TIIME PRIVATE ITI
139, Feeder Road, Belgharia, Kol-56.
PH-(033) 25444644, 9143611891, 9163850359, 8697263515.



১৩২ পাতার দাম ১০ টাকা
সেপ্টেম্বর সংখ্যা বেরোল
কর্মসংস্থান গোষ্ঠীর সাফল্য সাধারণ জ্ঞান
রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি মিসলেনিয়াস পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি ক্লার্কশিপ পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
যোগাযোগ : 9830624170



তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক কলেজ
শাখা : নৈহাটী (উত্তর ২৪ পরগনা), দমদম (কলকাতা) ও বেথুয়াডহরী
নিজস্ব শাখা দমদম'এ ভর্তি চলছে : কলকাতা ও পার্শ্ববর্তী ছেলেমেয়েদের সুবিধার্থে কবিতা কুটিরের নিজস্ব শাখা দমদমে খোলা হয়েছে। হেড অফিসের সমস্ত ফ্যাকাল্টিরাই এখানে ক্লাস নেন।
এক চান্সেই পাশ ! তা প্রমাণিত — সদ্য প্রকাশিত পুলিশের সাব-ইন্সপেক্টর পদের চূড়ান্ত সফল ছাত্রছাত্রীর মধ্যে কিছু ছাত্রছাত্রীর ছবি দেওয়া হল —



বিক্রম প্রামাণিক, গোবিন্দ বিশ্বাস, কৌশিক বিশ্বাস, নিতাই ঘোষ, নিরুপম বিশ্বাস, সঞ্জিত মজুমদার, সোমনাথ পাল



সঞ্চয়িতা পাল, অঞ্জন রক্ষিত, রিমা মন্ডল, শুভ ঘোষ, স্বর্ণালী পাল, বিশ্বজিৎ মন্ডল

স্কুলের সাব-ইন্সপেক্টর পদের মক ইন্টারভিউ শুরু হয়েছে। সত্বর যোগাযোগ করুন।



আচার্য্য ভবদেব
প্রা: সিভিল সার্ভেন্ট কেন্দ্র ও রাজ্য সরকার

নতুন ব্যাচে ভর্তি শুরু হয়েছে
WBCS, IAS, IPS
স্কুল সার্ভিস ● স্টাফ সিলেকশন কমিশন ● স্পেশাল কম্বাইন্ড কোর্স
(১) দূরবর্তী ছেলেমেয়েদের জন্য আবাসিকের ব্যবস্থা (২) নিয়মিত পরীক্ষা ও মক ইন্টারভিউ (৩) কেবল বাংলা ভাষায় WBCS, IAS পরীক্ষা দিন। বাংলা অপশনাল নিন, ইন্টারভিউ বাংলায় দিন (৪) লাইব্রেরির ব্যবস্থা (৫) বিশেষ ক্ষেত্রে প্রশিক্ষণপ্রার্থীকে আর্থিক সুবিধা দেওয়া হয় (৫) পরীক্ষা অনুযায়ী সমস্ত স্টাডি মেটেরিয়াল দেওয়া হয়।
9474764885, 9775172089
বেথুয়াডহরী : 9641095223
Commer Coaching : XI-XII & Degree Course. Ph. : 08002380081
স্যারের সাথে দেখা করতে ফোন করে Appointment নিয়ে তবে আসবেন


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে খুব শিগগিরই। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **শুচিস্মিতা দে।**

1. প্রথম ভারতীয় হিসাবে কে মহাকাশ ভ্রমণ করেন?
(a) এস.কে.মার্ডি (b) কল্পনা চাওলা (c) রাকেশ শর্মা (d) বিক্রম ভাট

2. আরব লিগের সদরদফতর বিশ্বের কোন শহরে আছে?
(a) কুয়েত (b) তেহরান (c) শারজা (d) কায়রো

3. কৃষ্ণাঙ্গ নায়ক হিসাবে কে সর্বপ্রথম 'অস্কার' পুরস্কার পান?
(a) টনি মরিসন (b) সিডনি পোয়টিয়ের (c) ডেঞ্জেল ওয়াশিংটন (d) এডি মারফি

4. 'Spaghetti' কোন দেশের বিখ্যাত খাদ্য?
(a) ইতালি (b) জার্মানি (c) স্পেন (d) ফ্রান্স

5. বিখ্যাত নাট্যকার গিরীশ ঘোষের নাম কোন থিয়েটারের সঙ্গে যুক্ত?
(a) মিনার্ভা থিয়েটার (b) বিশ্বরূপা থিয়েটার (c) নিউ থিয়েটার (d) স্টার থিয়েটার

6. চার্লি চ্যাপলিনের আত্মজীবনীমূলক চলচ্চিত্র কোনটি?
(a) দ্য কিড (b) দ্য ট্রাম্প (c) গোল্ডেন রাশ (d) লাইমলাইট

7. 'India Wins Freedom' নামে বইটি কে লিখেছেন?
(a) আবুল কালাম আজাদ (b) জওহরলাল নেহরু (c) মতিলাল নেহরু (d) সুভাষচন্দ্র বসু

8. দক্ষিণ মেরুর অক্ষাংশ কত ডিগ্রি?
(a) 70 (b) 80 (c) 90 (d) 0

9. 'জীবন-উজ্জীবন' কোন বিখ্যাত সঙ্গীতকারের আত্মজীবনী?
(a) নচিকেতা ঘোষ (b) ভি.বালসারা (c) সুধীন দাশগুপ্ত (d) সলিল চৌধুরি

10. 'পেরিয়ার অভয়ারণ্য' ভারতের কোন রাজ্যে আছে?
(a) কর্ণাটক (b) কেরালা (c) মহারাষ্ট্র (d) ছত্তিশগড়

11. নাইক্রোম ও জার্মান সিলভারে কোন সাধারণ মৌলটি থাকে?
(a) ক্রোমিয়াম (b) নিকেল (c) তামা (d) রুপো

12. 'কিষেণ গঙ্গা জলবিদ্যুৎ প্রকল্প' কোন নদীর ওপর তৈরি হয়েছে?
(a) চেনাব (b) ঝিলাম (c) যমুনা (d) শোন

13. 'প্রত্যেক ক্রিয়ার একটি সমান ও বিপরীত প্রতিক্রিয়া আছে' — এই সূত্রটি কীসের?
(a) নিউটনের প্রথম গতিসূত্র (b) নিউটনের দ্বিতীয় গতিসূত্র (c) নিউটনের তৃতীয় গতিসূত্র (d) নিউটনের আলোক সংক্রান্ত সূত্র

14. বিখ্যাত সংবাদপত্র 'লে মন্ডে' বিশ্বের কোন শহরে প্রকাশিত হয়?
(a) প্যারিস (b) লন্ডন (c) মাদ্রিদ (d) ডাবলিন

15. 'মুদ্রারাক্ষস' নামে বিখ্যাত নাটকটি কে লিখেছিলেন?
(a) বাণভট্ট (b) ভট্টনারায়ণ (c) রাজনারায়ণ (d) বিশাখদত্ত

16. 'আনন্দ লহরী' কী?
(a) নাচের অঙ্গ (b) প্রাচীন বাদ্যযন্ত্রের নাম (c) নাট্যশালা (d) সঙ্গীতের অঙ্গ

17. 'অ্যাভোগাড্রো সূত্র' কখন প্রযোজ্য হয়?
(a) শুধুমাত্র কঠিন পদার্থের ক্ষেত্রে (b) শুধুমাত্র গ্যাসীয় ও তরল পদার্থের ক্ষেত্রে (c) শুধুমাত্র গ্যাসীয় পদার্থের ক্ষেত্রে (d) শুধুমাত্র গ্যাসীয় ও কঠিন পদার্থের ক্ষেত্রে

18. মোহনদাস করমচাঁদ গান্ধীর 'সেবাগ্রাম' আশ্রমটি মহারাষ্ট্রের কোন শহরে আছে?
(a) পুণে (b) ওয়ার্ধা (c) মুম্বই (d) শোলাপুর

19. নীচের কোনটি মৌলিক অধিকারের মধ্যে পড়ে না?
(a) কাজের অধিকার : শিক্ষার অধিকার (b) সংগঠন তৈরির অধিকার (c) বাক স্বাধীনতার অধিকার (d) ধর্মের অধিকার

20. 'কুষ্ঠ' রোগের চিকিৎসা করা হয় কীসের মাধ্যমে?
(a) এরিথ্রোমাইসিন (b) টেট্রাসাইক্লিন (c) সালফোনস (d) পেনিসিলিন

21. বিপাকীয় কার্যে এনজাইমস কীরূপে কাজ করে?
(a) উন্নতি বর্ধক (b) অনুঘটক (c) জারক (d) বিজারক

22. দুধে কম পরিমাণে পাওয়া যায় ———
(a) লৌহ (b) প্রোটিন (c) ভিটামিন (d) ক্যালশিয়াম

23. সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে দশম তপশিল বাতিল করা হয়?
(a) 37 তম (1975) (b) 36 তম (1975) (c) 38 তম (1975) (d) 39 তম (1975)

24. ভারতের তিন ধরণের অর্থ কমিটির নীচের কোনটি নয়?
(a) পাব্লিক অ্যাকাউন্টস কমিটি (b) অনুমান কমিটি (c) অর্থ কমিটি (d) কমিটি অন পাব্লিক আন্ডারটেকিং

25. কারা ভারতে প্রথম স্বর্ণমুদ্রা প্রচলন করেছিলেন?
(a) গুপ্ত সম্রাটরা (b) ডাচ বণিকরা (c) কুষাণ রাজারা (d) ব্রিটিশ সরকার

26. স্বাধীনতার পরে প্রথম আধুনিক এক টাকার মুদ্রা কবে চালু হয়?
(a) 1957 সালের এপ্রিলে (b) 1962 সালের মার্চে (c) 1962 সালের জুলাইয়ে (d) 1955 সালের মার্চে

27. নীচের কোনটি রাজ্য কর?
(a) বহিঃশুল্ক (b) বিক্রয়কর (c) আন্তঃশুল্ক (d) কোনোটিই নয়

28. প্রত্যেক ব্যক্তি কর্তৃক প্রদত্ত কর হল :
(a) পরোক্ষ কর (b) প্রত্যক্ষ কর (c) বৃদ্ধিকারক কর (d) কোনোটিই নয়

29. 'মৌনালোয়া' নামে বৃহত্তম আগ্নেয়গিরিটি কোথায় আছে?
(a) ফিজি (b) হাওয়াই (c) তাহিতি (d) সামোয়া

30. পৃথিবীর দীর্ঘতম প্রবাল প্রাচীর কোনটি?
(a) গ্রেট ব্যারিয়ার রীফ (b) ব্লু মাউন্টেন (c) গ্রেট ডিভাইডিং রেঞ্জ (d) গ্রেট সী রীফ

31. বিশ্বের বৃহত্তম নিরক্ষীয় চিরহরিৎ অরণ্য কোথায় আছে?
(a) কঙ্গো অববাহিকা (b) নীল অববাহিকা (c) আমাজন অববাহিকা (d) জাইরে অববাহিকা

32. দ্বিতীয় বৌদ্ধ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
(a) অবন্তী (b) বৈশালী (c) পাটলিপুত্র (d) সারনাথ

33. গৌতম বুদ্ধ কোথায় দেহত্যাগ করেন?
(a) সারনাথ (b) কপিলাবস্তু (c) কুশীনগর (d) কুন্দপুর

34. আলেকজান্ডারের শিক্ষক কে ছিলেন?
(a) প্লেটো (b) সেলুকাস (c) ফিলিপ (d) অ্যারিস্টটল

35. ডিমিট্রিয়াস বা, ডিমিট্রি কোন বংশের রাজা?
(a) পারস্য (b) ব্যাকট্রিও গ্রিক (c) পার্থিয় (d) শক

36. পাটলীপুত্র নগরী কে স্থাপন করেন?
(a) নাগদশক (b) উদয়ী বা, উদয়ভদ্র (c) কাকবর্ণ (d) বিম্বিসার

37. চন্দ্রগুপ্তের মাতার নাম কী?
(a) চেল্লনা (b) কুমারদেবী (c) মুরা (d) এঁদের কেউই নন

38. 'হাইড্রোজেন' গ্যাসের আবিষ্কারক কে?
(a) ল্যাভয়সিয়র (b) ক্যাভেন্ডিস (c) প্রিস্টলে (d) এঁদের কেউই নন

39. রক্তবিহীন কোমল ভারবাহী কলাকে কী বলে?
(a) ভারবাহী কলা (b) সংযোজক কলা (c) স্তম্ভ কলা (d) তরুণাস্থি

40. মায়োসিস বিভাজন কোন কোশে হয়?
(a) কাণ্ডকোশ (b) পত্রকোশ (c) মূলের কোশ (d) জনন কোশ

41. কোন প্রাণী মাটির উর্বরতা বাড়ায়?
(a) সাপ (b) কেঁচো (c) পতঙ্গ (d) কচ্ছপ

42. 'রঙ্গস্বামী কাপ' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ক্রিকেট (b) হকি (c) ব্যাডমিন্টন (d) গলফ

43. 'Future of India' বইটির লেখক কে?
(a) বিমল জালান (b) মৌলানা আজাদ (c) বিজয় নাম্বিয়ার (d) দাদাভাই নওরোজি

44. কাকে 'উড়ন্ত শিখ' বলে আখ্যা দেওয়া হয়েছে?
(a) জ্যোতির্ময়ী শিকদার (b) জগজিৎ সিং (c) মিলখা সিং (d) এঁদের কেউই নন

45. নীচের কে 'ভারতের লৌহমানব' নামে পরিচিত?
(a) সর্দার বল্লভভাই প্যাটেল (b) জাকির হুসেন (c) সুভাষচন্দ্র বসু (d) মোহনদাস করমচাঁদ গান্ধী

46. হিন্দির পরে ভারতে সবথেকে বেশি ব্যবহৃত ভাষা কোনটি?
(a) তামিল (b) কানাড়া (c) তেলুগু (d) বাংলা

47. মানুষের লালা হল :
(a) ক্ষারকীয় (b) অম্লীয় (c) উভয়ই (d) কোনোটিই নয়

48. মানুষের শরীরের কোন অংশে জিনের অবস্থান?
(a) রক্তরসে (b) ক্রোমোজমে (c) প্লাস্টিড (d) হাড়ের ভিতরে

49. কোন ভিটামিনের অভাবে 'রাতকানা' হয়?
(a) A (b) B (c) C (d) D

50. 'প্লাস্টার অফ প্যারিস' কী দিয়ে তৈরি?
(a) চুনা পাথর (b) জিপসাম (c) কলিচুন (d) CO2

51. 'এডস' রোগ কীসের মাধ্যমে বাহিত হয়?
(a) ভাইরাস (b) ব্যাকটেরিয়া (c) ছত্রাক (d) প্রোটোজোয়া

52. শব্দ সবথেকে বেশি বাহিত হয় কীসের মাধ্যমে?
(a) জল (b) বায়ু (c) অ্যালকোহল (d) ইস্পাত

53. পিতল কোন কোন ধাতুর ধাতুসঙ্কর?
(a) তামা ও দস্তা (b) দস্তা ও লোহা (c) লোহা ও টিন (d) দস্তা ও টিন

54. চেঙ্গিস খান কার রাজত্বকালে ভারত আক্রমণ করেছিলেন?
(a) কুতুব-উদ-দ্বীন আইবক (b) বলবন (c) ইলতুৎমিস (d) আলা-উদ-দ্বীন খলজি

55. 'গায়ত্রী মন্ত্র' কোথায় আছে?
(a) ঋগ্বেদ (b) যজুর্বেদ (c) সামবেদ (d) উপনিষদ

56. মালিক কাফুর কার সেনাপতি ছিলেন?
(a) সিকান্দার লোদী (b) হুমায়ুন (c) বাবর (d) আলা-উদ-দ্বীন খলজি

57. 'কোরবা' কীসের জন্য বিখ্যাত?
(a) সার কারখানা (b) ইস্পাত কারখানা (c) অ্যালুমিনিয়াম কারখানা (d) সিমেন্ট কারখানা

58. বৃষ্টি উৎপাদনকারী গাঢ় ধূসর রঙের মেঘকে কী বলে?
(a) সিরাস (b) নিম্বাস (c) কিউমুলাস (d) নিম্বো স্ট্র্যাটাস

59. 'নায়াগ্রা' জলপ্রপাত কোথায় আছে?
(a) আফ্রিকা (b) অস্ট্রেলিয়া (c) এশিয়া (d) উত্তর আমেরিকা

60. ভারতের সবথেকে বড় হ্রদ কোনটি?
(a) উলার হ্রদ (b) ডাল হ্রদ (c) চিল্কা হ্রদ (d) লবণ হ্রদ

61. 'ম্যাকমোহন লাইন' ভারত ও কোন দেশের সীমারেখা?
(a) পাক-ই-স্তান (b) নেপাল (c) বাংলাদেশ (d) চিন

62. কোন দেশকে 'সোনার প্যাগোডার দেশ' বলে?
(a) ব্রহ্মদেশ (b) নেপাল (c) চিন (d) জাপান

63. 'Comptroller and Auditor General' কার মাধ্যমে অভিষিক্ত হন?
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) অধ্যক্ষ (d) অর্থমন্ত্রী

64. 'Bully' শব্দটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) পোলো (b) ফুটবল (c) ক্রিকেট (d) হকি

65. '[illegible]' কোন সম্প্রদায়ের একটি অন্যতম বড় উৎসব?
(a) মুসলিম (b) পারসি (c) জৈন (d) গুজরাতি

66. ভারতীয় রেলে তৃতীয় শ্রেণিটি কবে বিলুপ্ত করা হয়?
(a) 1972 (b) 1973 (c) 1974 (d) 1975

67. নীচের কোন মৌলটি তেজস্ক্রিয়তা প্রদর্শন করে না?
(a) ইউরেনিয়াম (b) থোরিয়াম (c) প্লুটোনিয়াম (d) জিরকোনিয়াম

68. 'গরিবি হঠাও' কর্মসূচি কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নেওয়া হয়েছিল?
(a) তৃতীয় (b) পঞ্চম (c) সপ্তম (d) নবম

69. 'Death is the end of life, ah why should life all labour be' — এটি কে বলেছিলেন?
(a) টমাস গ্রে (b) অলিভার গোল্ডস্মিথ (c) মাও সে তুঙ (d) অ্যালফ্রেড টেনিসন

70. ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি জাফরান উৎপন্ন হয়?
(a) জম্মু ও কাশ্মীর (b) কর্ণাটক (c) কেরালা (d) তামিলনাড়ু

71. 'রাশিয়ান বিপ্লব' কত সালে ঘটেছিল?
(a) 1915 (b) 1916 (c) 1917 (d) 1918

72. কে সর্বপ্রথম জলপথে পৃথিবীকে প্রদক্ষিণ করেন?
(a) কলম্বাস (b) অ্যামুন্ডসেন (c) ম্যাগেলান (d) ভাস্কো দা গামা

73. 'জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড' কোন বড়লাটের আমলে ঘটেছিল?
(a) লর্ড চেমসফোর্ড (b) লর্ড রিপন (c) লর্ড ডালহৌসি (d) লর্ড হার্ডিঞ্জ

74. 'ইন্ডিকা' নামে বিখ্যাত বইটির রচয়িতা কে?
(a) হিউয়েন সাঙ (b) মেগাস্থিনিস (c) ফা হিয়েন (d) ইবন বতুতা

75. প্যারিস শহরটি কোন নদীর তীরে আছে?
(a) রাইন (b) দানিয়ুব (c) ভোল্গা (d) শিন

76. 0.7 ও 0.5 এর গুণফল কত?
(a) 35 (b) 0.35 (c) 0.0035 (d) 0.035

77. 15 : 25 : : 6 : ?
(a) 9 (b) 10 (c) 30 (d) 15

78. 5.87 − 1.49 + 3.028 = ?
(a) 7.508 (b) 8.898 (c) 4.38 (d) 7.408

79. দুটি সংখ্যার অনুপাত 3 : 5। যদি প্রত্যেকটি সংখ্যা থেকে 9 বিয়োগ করা হয়, তাহলে তাদের অনুপাত হয় 12 : 33। প্রথম সংখ্যাটি কত?
(a) 27 (b) 33 (c) 55 (d) 49

80. তিন বন্ধু যথাক্রমে 2,000 টাকা, 2,500 টাকা ও 1,000 টাকা বিনিয়োগ করে একটি ব্যবসা শুরু করল। যদি মোট লাভের পরিমাণ হয় 880 টাকা, তাহলে তৃতীয় বন্ধুর লভ্যাংশ কত টাকা হবে?
(a) 400 (b) 350 (c) 180 (d) 160

81. একটি ক্লাসে 15টি ছাত্রের গড় বয়স 11 বছর। যদি ওই ক্লাসে আরও 5 জন নতুন ছাত্র ভরতি হয় যাদের গড় বয়স 9 বছর, তাহলে ক্লাসের বর্তমান গড় বয়স কত বছর?
(a) 20 (b) 10 (c) 10.5 (d) 10.33

82. আমার বর্তমান বয়স আমার পুত্রের বয়সের তিনগুণ। পাঁচ বছর পর আমার বয়স হবে আমার পুত্রের বয়সের আড়াই গুণ। আমার বয়স এখন কত বছর?
(a) 36 (b) 39 (c) 42 (d) 45

83. পরপর 20% ও 10% ছাড় একবারে কত শতাংশ ছাড়ের সমান?
(a) 28 (b) 27 (c) 30 (d) 29

84. কোন ধনাত্মক সংখ্যার সঙ্গে 17 যোগ করলে ফলাফল ওই সংখ্যাটির অনোন্যকের 60 গুণের সমান হয়?
(a) 3 (b) 10 (c) 15 (d) 20

85. দুটি শাড়ি ও চারটি শার্টের মোট মূল্য 1,600 টাকা। ওই একই মূল্যে একটি শাড়ি ও ছয়টি শার্ট পাওয়া যায়। তাহলে 12টি শার্টের মূল্য কত টাকা?
(a) 1,200 (b) 2,400 (c) 4,800 (d) 5,000

☞ এরপর ১৪ পাতায়

নার্সিং জয়েন্ট
JENPAUH, NEET, JEE — প্রভৃতি
JENPAUH তে 1000 এর মধ্যে Rank না হলে ডাবল কোর্স ফী ফেরত।
Modules by Prof. Doctors & IITians.
Admission Open for Last few seats.
Medi Guide
Rated No.1 Competitive Coaching since 2007
সেন্টার : বেলঘরিয়া (HO), কল্যাণী (RO), গড়িয়া বারাসাত, কোন্নগর, বর্ধমান, পাঁশকুড়া
Contact : 7044647798

Admission Going On
Approved by the Govt. of India
Placement Assistant
■ Diploma in Aviation & Hospitality Management (1 Year) • Per month 6,000/
■ Diploma in Hotel Management & Tourism (2 Years) • Per month 4,000/-
Last Date : 31.10.2019 • Eligibility: 10 + 2 above
ST. HELEN INSTITUTION (SHI)
396/4A, N.S.C. Bose Road, Kolkata - 700 047, Garia Rathtala, Near Gitanjali Metro
Phone: 033-40043921, 9831075678
Web: www.sthelenninstitution.com

পরপর ১৪ বার ১* নম্বরে
সব সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক বাংলা পত্র-পত্রিকার মধ্যে
আবার সর্বাধিক বিক্রির রেকর্ড
কর্মসংস্থান
এখন প্রতি সপ্তাহে বুধবার বেরোয়
*As per ABC(Audit Bureau of Circulations) Jan.-June 2019

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# যাদবপুর বিশ্ববিদ্যালয় ও আমরি হাসপাতালের যৌথ উদ্যোগে ডায়ালিসিস টেকনিশিয়ানের পেশাদারি কর্মমুখী কোর্স

**নিজস্ব প্রতিনিধি :** পশ্চিমবঙ্গে গত কয়েক বছর ধরে কিডনির রোগে আক্রান্তদের সংখ্যা দিন দিন বাড়ছে। ডায়ালিসিস প্রধানত এই ২ ধরণের — হেইমোডায়ালিসিস (Haemodialysis) ও পেরিটোনেইল ডায়ালিসিস (Peritoneal dialysis)। ডায়ালিসিসের কাজ রক্ত থেকে বর্জ্য পদার্থ ও অতিরিক্ত জল বের করে দেওয়া। কিডনি রোগীদের সাধারণভাবে সপ্তাহে ৩ দিন ৪ ঘন্টা ধরে ডায়ালিসিস করা হয়। এই মেশিন যাঁরা পরিচালনা করেন তাঁদের বলা হয় ডায়ালিসিস টেকনিশিয়ান। এইসব টেকনিশিয়ানদের কাজের মূল দায়িত্ব হল, রোগীকে ডায়ালিসিসের জন্য তৈরি করা, তদারকি করা, মেশিন অপারেট করা ও ডায়ালিসিস শেষ হওয়ার পর নির্ধারিত পদ্ধতি মানা। টেকনিশিয়ানরা ডায়ালিসিস চলাকালীন রোগীকে আরামে থাকতে সাহায্য করেন ও মেশিনটি যাতে ঠিকমতো কাজ করে সেদিকে নজর রাখেন। এই ধরণের কাজ করার জন্য বিশেষ প্রশিক্ষণের দরকার হয়। বলাবাহুল্য, এই রাজ্যে প্রশিক্ষিত ডায়ালিসিস টেকনিশিয়ানের যথেষ্ট অভাব আছে।

এই ঘাটতি পূরণ করে দক্ষ পেশাদার টেকনিশিয়ান তৈরির জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার কলকাতার এ.এম.আর.আই (AMRI) হাসপাতালের সঙ্গে যৌথ উদ্যোগে ডায়ালিসিস টেকনিশিয়ানের ট্রেনিং দিচ্ছে। কোর্সের পুরো নাম 'ডায়ালিসিস টেকনিশিয়ান সার্টিফিকেট প্রোগ্রাম'। বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই কোর্সে ভরতি হতে পারেন। বয়সের কোনো কড়াকড়ি নেই। সীট ২৫টি। মোট ৯ মাসের কোর্স। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে থিওরির ক্লাস আর এ.এম.আর.আই হাসপাতালে প্র্যাক্টিক্যাল ক্লাস হবে।

ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের উপদেষ্টা ড. টি. কে. চট্টোপাধ্যায় জানান, কর্মমুখি এই কোর্সের লক্ষ্য ও উদ্দেশ্য হল, স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে দক্ষ ও উন্নতমানের ডায়ালিসিস টেকনিশিয়ান তৈরি করা। ট্রেনিং শেষে কাজের অভাব হয় না। সফলদের ডায়ালিসিস টেকনিশিয়ান পদে কাজের সুযোগ আছে সরকারি-বেসরকারি হাসপাতাল, জেলা হাসপাতাল, স্বেচ্ছাসেবি সংস্থা, কিডনি বিশেষজ্ঞ কেন্দ্র ও নার্সিংহোমে।

কোর্স শুরু হবে ১০ ডিসেম্বর থেকে। ভরতির জন্য নির্ধারিত ফর্ম পাবেন ৫০ টাকা দিয়ে হাতে হাতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন সেন্টারে। যাবতীয় প্রমাণপত্র-সহ পূরণ করা দরখাস্ত জমা দিতে হবে ৪ অক্টোবরের মধ্যে। যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, বায়োইকিউভ্যালেন্স বিল্ডিং, ৩য় তল। ফোন : ৯০৮৮৪০১৩৫৪।

# বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের কর্মমুখী কোর্সে ভরতি

**নিজস্ব প্রতিনিধি :** বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের কমিউনিটি কলেজ সেন্টার ২০১৯-'২০ শিক্ষাবর্ষে ৩টি কর্মমুখী কোর্সে ভরতি নিচ্ছে। এই ৩টি সার্টিফিকেট কোর্স হল : (১) বি-কীপিং অ্যান্ড ম্যানেজমেন্ট, (২) সার্টিফিকেট কোর্স ইন ডায়েটেটিক্স, (৩) এন্টারপ্রেনিওরশিপ ডেভেলপমেন্ট। যেকোনো শাখার উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা ৩টি কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। প্রতিটি কোর্সের মেয়াদ ৬ মাস ও কোর্স ফী ২,৫০০ টাকা। বয়স হতে হবে ১-১০-২০১৯'র হিসাবে ৬০ বছরের মধ্যে। ক্লাস হবে সোমবার থেকে শনিবার বেলা ১২টা থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত। সব কোর্সের ক্ষেত্রে সীট ৫০টি। আগে আসার ভিত্তিতে ভরতির সুযোগ। আবেদন করতে হবে নির্ধারিত বয়ানে। ৫০০ টাকার বিনিময়ে হাতে-হাতে ফর্ম পাবেন নিচের ঠিকানায় যেকোনো কাজের দিন। ডাকযোগে নিতে চাইলে ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট পাঠাতে হবে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'মেদিনীপুর'।

পূরণ-করা দরখাস্ত জমা দিতে হবে ২৭ সেপ্টেম্বরের মধ্যে। এই ঠিকানায় : বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, কমিউনিটি কলেজ সেন্টার, পশ্চিম মেদিনীপুর - ৭২১১০২। ফোন : ৮৩৭৩০৬৩৯৭১।

# ডাকযোগে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স

১ পাতার পর

হলেও যোগ্য। ফী ৪,৫০০ টাকা।

**(৩) এম.এসসি. কোর্স পড়ানো হবে এইসব বিষয়ে :** ফিজিক্স, কেমিস্ট্রি, এনভায়রণমেন্টাল সায়েন্স, কম্পিউটার সায়েন্স, ডায়াটেটিক্স অ্যান্ড কমিউনিটি নিউট্রিশন ম্যানেজমেন্ট। কারা কোন কোর্সে ভরতির জন্য যোগ্য :

(ক) ফিজিক্সের এম.এসসি. কোর্স : সংশ্লিষ্ট বিষয়ের অনার্স / স্পেশাল অনার্স / মেজর বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশ হতে হবে। ফী ১৯,৭৫০ টাকা।

(খ) কেমিস্ট্রির এম.এসসি. কোর্স : সংশ্লিষ্ট বিষয়ের অনার্স / স্পেশাল অনার্স / মেজর বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশ হতে হবে। ফী ২২,২৫০ টাকা।

(গ) এনভায়রমেন্টাল সায়েন্সের এম.এসসি. কোর্স : সংশ্লিষ্ট বিষয়ের অনার্স / স্পেশাল অনার্স / মেজর বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশ হতে হবে। ৩ বছরের বি.এসসি. কোর্স পাশরাও যোগ্য। ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটরাও যোগ্য। ফী ২০,৩৫০ টাকা।

(ঘ) কম্পিউটার সায়েন্সের এম.এসসি. কোর্স : কম্পিউটার সায়েন্স, ফিজিক্স, অঙ্ক, ইলেক্ট্রনিক্স বা, কেমিস্ট্রির অনার্স গ্র্যাজুয়েটরা যোগ্য। বি.সি.এ. কোর্স পাশরাও যোগ্য। ফী ২৭,০০০ টাকা।

(ঙ) ডায়াটেটিক্স অ্যান্ড কমিউনিটি নিউট্রিশন ম্যানেজমেন্টের এম.এসসি. কোর্স : ফিজিওলজি, জুলজি, নার্সিং, বায়ো-কেমিস্ট্রি, কেমিস্ট্রি, নিউট্রিশন, ফুড অ্যান্ড নিউট্রিশন, হোম সায়েন্সের অনার্স গ্র্যাজুয়েটরা যোগ্য। সংশ্লিষ্ট বিষয়ের ৩ বছরের গ্র্যাজুয়েটরাও যোগ্য। বি.এসসি. (অ্যাগ্রিকালচার / ভোকেশনাল / মেজর) কোর্স পাশরাও যোগ্য। ফী ২০,৩৫০ টাকা।

কোথায় কোথায় স্টাডি সেন্টার আছে, কোন কোর্সে ক'টি সীট, দরখাস্তের ফর্ম ও প্রস্পেক্টাস-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : http://dde.vidyasagar.ac.in, http://ddeadmission.vidyasagar.ac.in দরখাস্ত করার শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর। যোগাযোগের ঠিকানা : বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, ডিরেক্টরেট অফ ডিস্ট্যান্স এডুকেশন, মেদিনীপুর - ৭২১১০২। ফোন : ০৩২২২-২৯৭৯২৯/৮৩৭৩০৬৩৯০৮/৭৭১৯৩৫৬৩৮২.

# কেরিয়ার পাওয়ার থেকে ট্রেনিং নিয়ে রাজ্য ও কেন্দ্রীয় সংস্থায় কয়েক হাজার প্রার্থী কর্মরত

**নিজস্ব প্রতিনিধি :** সুশিক্ষা এবং শিক্ষান্তে চাকুরী, যৌবনের অন্যতম চাহিদা। আর এই চাকুরী যদি কেন্দ্রীয় সরকারের সরকারি দপ্তর অথবা ব্যাঙ্ক বা রেল-এ হয় তো স্বপ্ন সফল। বিগত এক দশক ধরে সারা ভারতবর্ষের যুবক-যুবতীদের স্বপ্ন সফল করার নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে 'কেরিয়ার পাওয়ার'। আধুনিক ক্লাশরুম, পরীক্ষার উপযোগী স্টাডিম্যাট এবং অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর গাইডেন্স তো আছেই এছাড়াও লক্ষ লক্ষ চাকুরীপ্রার্থীর অন্যতম ভরসা 'ব্যাঙ্কারস আড্ডা', 'এসএসসি আড্ডা' যা বর্তমানে 'আড্ডা 247' অ্যাপস হিসাবে বিখ্যাত। এটি 'কেরিয়ার পাওয়ার'এর অন্তর্গত একটি ভার্চুয়াল শিক্ষা। সারা ভারত জুড়ে প্রায় 60টি বেশী শাখা যার কলকাতা শাখাটি শিয়ালদহ স্টেশন সংলগ্ন 'বিগ বাজার'এর পঞ্চম তলে অবস্থিত। বিগত পাঁচ বছর ধরে কলকাতা এবং সারা পশ্চিমবঙ্গে হাজারের বেশি প্রার্থী শিয়ালদহের এই 'কেরিয়ার পাওয়ার' থেকে শিক্ষা নিয়ে পাশ করে আজ কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরীতে কর্মরত। আসন্ন ব্যাঙ্কের ক্লার্ক এবং এসএসসি পরীক্ষার প্রস্তুতির জন্য ভর্তি চলছে। যোগাযোগ করতে ফোন করুন এই নম্বরে : 9830509777 অথবা 6292153702.

ভারত সরকারের গ্রামীণ বিকাশ মন্ত্রালয় দ্বারা রোজগার ভিত্তিক প্রশিক্ষণ
কার্যক্রম প্রযোজিত দীন দয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনা


DDU-GKY


চাকরি সম্বন্ধীয় প্রশিক্ষণের বিষয়সমূহ

হস্‌পিটালিটি অ্যাসিস্টেন্ট : নূন্যতম যোগ্যতা দশম শ্রেণী উত্তীর্ণ। কোর্সের মেয়াদ ৬ মাস।
হেলথ্ কেয়ার :- নূন্যতম যোগ্যতা দশম শ্রেণী উত্তীর্ণ। কোর্সের মেয়াদ ৬ মাস।

কার্যক্রমের বিশেষত্ব : দারিদ্র সীমার নিচে অবস্থানকারী PHH/SPHH/RKSY/AAY যুবক ও যুবতীদের জন্য সম্পূর্ণ বিনামূল্যে প্রশিক্ষণ, প্রশিক্ষণ চলাকালীন সম্পূর্ণ বিনামূল্যে থাকা ও খাওয়ার সুব্যবস্থা।
প্রবেশের জন্য প্রয়োজনীয় নির্ণায়ক : ১৮ বছর থেকে ৩০ বছর বয়স পর্যন্ত। আধারকার্ড- এর ফটোকপি, ৬ কপি পাসপোর্ট সাইজ ছবি, BPL/PHH/SPHH/RKSY/ AAY/JOB CARD এর ফটোকপি, পঞ্চায়েত বসবাসকারী প্রমাণ পত্রের ফটোকপি শিক্ষাগত যোগ্যতার শংসাপত্রের ফটোকপি।
বিঃ দ্রঃ- উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হুগলী, নদীয়া এবং বর্ধমান জেলায় বসবাসকারী যুবক ও যুবতীরা ভর্তির জন্য নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন।
সম্পূর্ণ বিনামূল্যে
যোগাযোগের ঠিকানা এবং প্রশিক্ষণ কেন্দ্র
JIS GROUP
JIS FOUNDATION
• PATIPUKUR, KOLKATA | PH - 9330483634 / 6290787486
• BARUIPUR, SOUTH 24 PARGANAS | Mob.: 9836968785

PRAGATI
PRIVATE ITI
NCVT, Govt. of India অনুমোদিত

Industrial Training Institute




Skill India
কৌশল ভারত - কুশল ভারত

ট্রেড : ইলেকট্রিশিয়ান ও ফিটার

BERHAMPORE Campus
Uttarpara More, Radharghat
M: 9434900500

KRISHNAGAR Campus
Khounish Park (Near Railway Station)
M: 9434900700

সরাসরি ITI - এ ভর্তির সুযোগ
প্রগতির সঠিক প্রশিক্ষণ
আগামী দিনে তোমাদের করে
তুলবে প্রতিষ্ঠিত।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। 'সেন্ট্রোজোম'এর প্রধান কাজ কী — প্রাণীকোশের বিভাজনের সময় বেমতন্তু গঠন করা।

২। ক্লোরোপ্লাস্টের কোন অঞ্চলে সালোকসংশ্লেষের প্রথম পর্যায়ের আলোকবিক্রিয়া সম্পন্ন হয় — গ্রাণা অঞ্চলে।

৩। হৃদপিণ্ডের সংকোচন ও প্রসারণকে কী বলে — সিস্টোল ও ডায়াস্টোল।

৪। বিজ্ঞানের যে শাখায় মাটি সম্পর্কে আলোচনা করা হয়, তাকে কী বলে — মৃত্তিকা বিজ্ঞান বা, পেডোলজি।

৫। আমাদের দেহের সবচেয়ে বড় পৌষ্টিক গ্রন্থির নাম কী — যকৃৎ।

### পদার্থবিদ্যা

৬। সিনেমা হলের দেওয়ালে রবারের প্যাড লাগানো থাকে কেন — শব্দের অনুরণন কমানোর জন্য।

৭। গাড়িতে শব্দদূষণ রোধে কী ব্যবহার করা হয় — সাইলেন্সার।

৮। কারখানার চিমনির ধোঁয়া কোন পদ্ধতিতে চারিদিকে ছড়িয়ে পড়ে বায়ুদূষণ ঘটায় — ব্যাপন পদ্ধতিতে।

### রসায়ন

৯। দ্রবণে কলিচুনের পরিমাণ বেশি হলে যে দুধের মতো সাদা মিশ্রণের সৃষ্টি হয়, তাকে কী বলে — দুধ চুন বা, চুন গোলা।

১০। অ্যামাইনো অ্যাসিডের মিশ্রণকে উত্তপ্ত করলে বিভিন্ন প্রকার প্রোটিন তৈরি হয়, এদেরকে কী বলে — প্রোটিনয়েড।

১১। বিগ ব্যাং ঠান্ডা হওয়ার মুহূর্তে কোন দু'টি মৌল প্রথম সৃষ্টি হয় — হাইড্রোজেন, হিলিয়াম।

১২। ১৮০৩ সালে কে প্রথম পদার্থের



আণবিক তত্ত্ব ব্যাখ্যা করেন — জন ডালটন।

১৩। রয়্যাল ওয়াটার কোন দু'টি অ্যাসিডের মিশ্রণ — নাইট্রিক অ্যাসিড ও হাইড্রোক্লোরিক অ্যাসিড।

১৪। কোন গ্যাস প্রস্তুতিতে মার্বেল ব্যবহার করা হয় — কার্বন-ডাই-অক্সাইড।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৫। 'শাহজাহান' উপাধি কে দিয়েছিলেন — জাহাঙ্গীর।

১৬। রাজিয়া কোন রাজবংশের — দাসবংশের।

১৭। কোন সুলতানকে 'পাগলা রাজা'



বলে — মহম্মদ-বিন-তুঘলক।

১৮। শশাঙ্ককে শাস্তি দেওয়ার জন্য হর্ষবর্ধন কার সঙ্গে বন্ধুত্ব স্থাপন করেছিলেন — কামরূপের রাজা ভাস্করবর্মার সঙ্গে।

১৯। জৈনদের দুই সম্প্রদায়ের নাম কী — দিগম্বর ও শ্বেতাম্বর।

২০। আর্যরা কোন জাতির বংশধর — নর্ডিক জাতির।

২১। 'লোকহিতবাদী' কার ছদ্মনাম — গোপালহরি দেশমুখ।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২২। ১৯১৫ সালে জাপানে পালানোর সময় রাসবিহারী বসু কোন ছদ্মনাম নেন — পি.এন ঠাকুর।

২৩। 'সন্ন্যাসী বিদ্রোহ' কত সালে হয় — ১৭৬৩।

২৪। 'দাক্ষিণাত্য হাঙ্গামা' কবে শুরু হয় — ১৮৭৫ খ্রিস্টাব্দে।

২৫। বরিশালে সশস্ত্র বিপ্লবী আন্দোলনের নায়ক কে — অশ্বিনীকুমার দত্ত।

২৬। কোন কংগ্রেস সভাপতি বলেছিলেন 'আমি একজন সমাজতন্ত্রবাদী' — জওহরলাল নেহরু।

২৭। 'ভারত ছাড়ো' প্রস্তাবটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয় — হরিজন।

## ভূগোল

### ভারতের ভূগোল

২৮। 'মালাবার উপকূল' কোন অংশ থেকে কোন অংশ পর্যন্ত বিস্তৃত — গোয়া থেকে কন্যাকুমারী।

২৯। আসামের প্রাক-মৌসুমি বৃষ্টিপাতকে কী বলে — বরদৈছিলা।

৩০। স্থানান্তর কৃষিকে ভারতে কী বলে — ঝুম।

৩১। যোধপুর ও জয়সলমীর কোন প্রাকৃতিক শক্তির আদর্শ উৎপাদক স্থান — সৌরশক্তি।

৩২। ভারতের কোন শহরে টেলিফোন কেবল তৈরি হয় — মুম্বই।

৩৩। ভারতের কোন শহরকে 'সূর্যোদয়ের শহর' বলা হয় — উদয়পুর।

### আন্তর্জাতিক ভূগোল

৩৪। বর্তমান ইরাকের আগের নাম কী ছিল — মেসোপটেমিয়া।

৩৫। 'হারমাট্টান' কোন অঞ্চলের শুষ্ক বায়ু — পশ্চিম আফ্রিকার গিনি উপকূলের।

৩৬। মানস সরোবর লেক কোথায় আছে — চিন।

৩৭। 'ভিক্টোরিয়া লেক' কোন দেশের সীমানায় অবস্থিত — নাইজেরিয়া।

৩৮। আফগান-ই-স্তানের অবস্থানকে কী বলে — স্থলবেষ্টিত বা, মহাদেশীয়।

### ভারতের বিভিন্ন বন্দর ও তাদের অবস্থান

| বন্দরের নাম | অবস্থান |
|---|---|
| মুম্বই | আরব সাগরের তীরে, কোঙ্কণ উপকূলে, মহারাষ্ট্র |
| মার্মাগাঁও | আরব সাগরের তীরে, কোঙ্কণ উপকূলে, গোয়া |
| কাণ্ডলা | কচ্ছ উপসাগরের পূর্বপ্রান্তে, গুজরাত |
| কোচি | আরবসাগরের তীরে, মালাবার উপকূলে, কেরালা |
| নিউ ম্যাঙ্গালোর | আরব সাগরের তীরে, মালাবার উপকূলে, কর্ণাটকে |
| জওহরলাল নেহরু | আরব সাগরের তীরে, কোঙ্কণ উপকূলে, মহারাষ্ট্র |

চলবে

## রাষ্ট্রনীতি

৩৯। 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' (WHO) কবে প্রতিষ্ঠিত হয় — ১৯৪৮ খ্রিস্টাব্দের ৪ এপ্রিল।

৪০। 'রাষ্ট্রসঙ্ঘ'এর প্রথম মহাসচিব কে — নরওয়ের বিদেশমন্ত্রী ট্রিগভি লি (তাঁর কার্যকাল ছিল ১৯৪৬ খ্রিস্টাব্দ থেকে ১৯৫২ খ্রিস্টাব্দ পর্যন্ত)।

৪১। আন্তর্জাতিক বিচারালয়ের সংবিধানকে কী বলে — সংবিধি।

৪২। 'সম্মিলিত জাতিপুঞ্জ' কথাটি কে প্রথম ব্যবহার করেন — রুজভেল্ট।

৪৩। 'ভেটো' শব্দটির অর্থ কী — কর্তৃত্ব বলে অসম্মতি বা, নিষেধাজ্ঞা।

৪৪। 'বিশ্বায়ন বিরোধী বিক্ষোভ'এর প্রথম শহীদ কে — কার্লো জিওলানি।

৪৫। 'এলিট' বলতে কাদের বোঝানো হয় — যেসব মানুষ জ্ঞান, বিদ্যা, বুদ্ধি ও সংস্কৃতিতে শ্রেষ্ঠ।

## অর্থনীতি

৪৬। 'আইডিবিআই ব্যাঙ্ক'এর পুঁজির হাল ফিরাতে, সম্প্রতি মোট কত টাকা দেওয়ার কথা ঘোষণা করল কেন্দ্রীয় সরকার — ৯,৩০০ কোটি টাকা (এর মধ্যে ৪,৭৪৩ কোটি টাকা আসবে ব্যাঙ্কটির বৃহত্তম প্রোমোটার এল.আইসি'র হাত ধরে ও বাকি ৪,৫৫৭ কোটি টাকা জোগাবে কেন্দ্রীয় সরকার)।

৪৭। গ্রাহক ও অন্যান্যদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি প্রকল্পের সুবিধার টাকা পৌঁছে দিতে, 'এমপ্লয়িজ স্টেট ইন্সিওরেন্স কর্পোরেশন' (ESIC) সম্প্রতি কোন ব্যাঙ্কের সঙ্গে চুক্তি করল — স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।

৪৮। 'ইন্ডিয়ান ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর এখন কে — পদ্মজা চুন্দুরু।

## সাম্প্রতিক ঘটনা

৪৯। শান্তি ও সম্প্রীতি রক্ষায় অসামান্য অবদানের জন্য, ২০১৯ সালে কে



ভ্যাটিক্যানের 'ল্যাম্প অফ পিস অফ সেইন্ত ফ্র্যান্সিস' পুরস্কার পেলেন — 'নোবেল' পুরস্কারপ্রাপ্ত বাংলাদেশি অধ্যাপক মুহম্মদ ইউনুস।

৫০। ২০১৮ সালের 'তেনজিং নোরগে ন্যাশনাল অ্যাডভেঞ্চার' পুরস্কারে 'এয়ার অ্যাডভেঞ্চার' বিভাগে কাকে পুরস্কৃত করা হয়েছে — রামেশ্বর জাংড়া।

৫১। ২০১৯ সালে সপ্তম 'কমিউনিটি রেডিও সম্মেলন' ভারতের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — নয়াদিল্লি (নয়াদিল্লির ড. বিআর আম্বেদকর ভবনে এই সম্মেলন আয়োজন করেছে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক। এবছর এই সম্মেলনের থিম ছিল 'কমিউনিটি রেডিও ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস')।

৫২। ২০১৯ সালের ২৬ আগস্ট মারা গেলেন, প্রথম ভারতীয় মহিলা 'ডিরেক্টর জেনারেল অফ পুলিশ'। তাঁর নাম কী — কাঞ্চন চৌধুরি ভট্টাচার্য (৭২ বছর)।

৫৩। কোন সংস্থা সম্প্রতি প্রথম 'আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স চিপ' চালু করল — বিশ্বের বৃহত্তম চিপনির্মাতা সংস্থা 'ইন্টেল কর্পোরেশন' (এটির নাম, 'Springhill' বা, 'Nervana NNP-I')।

৫৪। ২০১৯ সালে ভারতের কোন শহরে 'ইন্টারনেট অফ থিংস (IoT) ইন্ডিয়া কংগ্রেস' অনুষ্ঠিত হয়েছে — বেঙ্গালউরু।

৫৫। ২০১৯ সালে বেঙ্গালউরুতে অনুষ্ঠিত চতুর্থ 'ইন্টারনেট অফ থিংস (IoT) ইন্ডিয়া কংগ্রেস'এর থিম কী ছিল — মেইনস্ট্রিমিং দ্য ইন্টারনেট অফ থিংস।

৫৬। বলিউড অভিনেতা শাহরুখ খান সম্প্রতি কোন রেলস্টেশনের ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে 'হেরিটেজ পোস্টাল স্ট্যাম্প' চালু করলেন — বান্দ্রা।

৫৭। কে সম্প্রতি ভারতীয় সেনাবাহিনীর প্রথম লেফটেন্যান্ট জেনারেল র‍্যাঙ্ক অফিসার হিসাবে, ফ্রান্সের প্রাচীন সাইক্লিং বিভাগ ১,২০০ কিলোমিটার প্যারিস-ব্রেস্ট-প্যারিস সার্কিট সম্পূর্ণ করলেন — অনীল পুরী।

৫৮। ২০১৯ সালে 'ইন্দো প্যাসিফিক চিফস অফ ডিফেন্স' (CHOD) কনফারেন্স, কোন দেশের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — তাইল্যান্ডের ব্যাঙ্কক।

৫৯। ২০২০ সালে কোন দেশ 'জি-৭ সম্মেলন' আয়োজন করবে — মার্কিন যুক্তরাষ্ট্র।

৬০। ভারতের দীর্ঘতম বৈদ্যুতিক রেল টানেল কোন রাজ্যে চালু হয়েছে — আন্ধ্রা প্রদেশ (চেরলোপাল্লি ও রাপুরুর মধ্যে অবস্থিত এই রেল টানেলের উদ্বোধন করেছেন ভারতের উপরাষ্ট্রপতি মুপ্পাভারাপু ভেঙ্কাইয়া নাইডু। এই বিদ্যুৎচালিত রেলপথ ভেঙ্কটাচালাম ও ওবুলাভারিপাল্লির মধ্যে অবস্থিত)।

৬১। সম্প্রতি চালু হওয়া লেহর প্রথম 'মোবাইল সায়েন্স এক্সিবিশন' (MSE) ভ্যান কে উদ্বোধন করেছেন — কেন্দ্রীয় পর্যটন ও সংস্কৃতি মন্ত্রী প্রহ্লাদ সিং প্যাটেল।

৬২। ২০১৯ সালে কোন দেশের কোন শহরে 'ইউনিসেফ সাউথ এশিয়ান পার্লামেন্টারিয়ান কনফারেন্স অন চিল্ড্রেন রাইটস কনভেনশন' অনুষ্ঠিত হয়েছে — শ্রীলঙ্কার কলম্বো শহরে।

৬৩। ২০১৯ সালে 'ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম'এর (WEF), 'ওয়ার্ল্ড ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম কম্পিটিটিভনেস ইনডেক্স'এ (TTCI) ভারতের স্থান কত — ৩৪ (এই তালিকায় প্রথম স্থানে রয়েছে স্পেন)।

৬৪। 'ইন্টারন্যাশনাল ডে অফ চ্যারিটি' কবে পালিত হয় — ৫ সেপ্টেম্বর।

৬৫। ২০১৯ সালে 'ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট'এর (EIU), 'গ্লোবাল লিভএবিলিটি ইনডেক্স' অনুযায়ী, 'বিশ্বের সবথেকে বাসযোগ্য শহর' কোনটি — অস্ট্রিয়ার ভিয়েনা।

৬৬। 'বিশ্ব নারকেল দিবস' কবে পালিত হয় — ২ সেপ্টেম্বর।

৬৭। ২০১৯ সালে 'বিশ্ব নারকেল দিবস'এর থিম কী ছিল — কোকোনাট ফর ফ্যামিলি ওয়েলনেস।

৬৮। 'গ্লোবাল ফান্ড ফর এইডস, টিবি অ্যান্ড ম্যালেরিয়া'এর (GFTAM) সদরদফতর কোন দেশের কোন শহরে আছে — সুইৎজারল্যান্ডের জেনেভা শহরে।

৬৯। 'অ্যাসোসিয়েশন অফ ওয়ার্ল্ড ইলেকশন বডিস'এর (AWEB) চেয়ারম্যান এখন কে — সুনীল অরোরা।

৭০। প্রথম 'ইউএস-এশিয়ান মেরিটাইম এক্সারসাইজ' (AUMX) কোন দেশে শুরু হয়েছে — তাইল্যান্ড।

৭১। 'গ্লোবাল টাইগার ফোরাম'এর (GTF) সদরদফতর ভারতের কোন শহরে আছে — নয়াদিল্লি।

## খেলাধুলা

৭২। ২০১৯ সালে 'ডুরান্ড কাপ'এ কোন দল চ্যাম্পিয়ান হল — গোকুলাম কেরালা এফসি (মোহনবাগানকে ২-১ ব্যবধানে হারিয়ে)।

৭৩। ২০১৯ সালে মাদ্রিদে অনুষ্ঠিত 'বিশ্ব তিরন্দাজি যুব চ্যাম্পিয়নশিপ'এ, কম্পাউন্ড জুনিয়র মিক্সড টিম বিভাগে কোন দল সোনার পদক পেল — ভারত।

৭৪। ২০১৯ সালে 'ব্রিটিশ গ্র্যান্ড প্রিক্স'এ কে চ্যাম্পিয়ন হলেন — স্প্যানিশ মোটরসাইকেল রেসার অ্যালেক্স রিনস নাভারো।

৭৫। ২০১৯ সালে কে 'ইউনিয়ন অফ ইউরোপিয়ান ফুটবল অ্যাসোসিয়েশনস'এর (UEFA) 'বর্ষসেরা ফুটবলার'এর সম্মান পেলেন — ডাচ ডিফেন্ডার ভার্জিল ভ্যান ডাইক।

৭৬। ২০১৯ সালে 'এশিয়ান স্পোর্টস রাইটার্স অ্যাসোসিয়েশন' আয়োজিত উদ্বোধনী 'এআইপিএস এশিয়া' পুরস্কার মঞ্চে কে 'এশিয়ার সেরা মহিলা ক্রীড়াবিদ'এর খেতাব পেলেন — ভারতীয় বক্সার চুঙ্গনেইজাং মেরি কম এইচমাঙ্গতে।

৭৭। সম্প্রতি প্রয়াত 'দিল্লি ক্রিকেট সংস্থা'র প্রাক্তন সভাপতি তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী অরুণ জেটলিকে শ্রদ্ধা জানাতে, দিল্লির 'ফিরোজ শা কোটলা' স্টেডিয়ামের নাম বদল করে তাঁর নামে রাখার করার সিদ্ধান্ত নিল 'দিল্লি অ্যান্ড ডিস্ট্রিক্ট ক্রিকেট অ্যাসোসিয়েশন' (DDCA)। নতুন নাম কী — অরুণ জেটলি স্টেডিয়াম।

৭৮। ২০১৯ সালে মাদ্রিদে অনুষ্ঠিত 'বিশ্ব তিরন্দাজি যুব চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ক্যাডেট রিকার্ভ বিভাগে কে



সোনার পদক পেলেন — ঝাড়খণ্ডের মেয়ে ১৭ বছর বয়সি কমলিকা বারি।

৭৯। 'মোবিল ইন্ডিয়া'র প্রচারদূত এখন কে — বজরং পুনিয়া।

৮০। ২০১৯ সালে 'সিনিয়র শ্যুটিং বিশ্বকাপ'এ মহিলাদের ১০ মিটার এয়ার রাইফেল বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতের ইলাভেনিল ভালারিভান।

৮১। বায়ার্ন মিউনিখের চেয়ারম্যান কে হতে চলেছেন — জার্মানির কিংবদন্তি প্রাক্তন গোলরক্ষক অলিভার কান।

৮২। তেজিন্দরপাল সিং তুর কোন খেলার সঙ্গে যুক্ত — শটপাট।

৮৩। কোন ভারতীয় ক্রিকেটার সম্প্রতি একশৃঙ্গ গণ্ডারের সংরক্ষণের জন্য প্রচারে নামলেন — রোহিত শর্মা (ডব্লু.ডব্লু.এফ ইন্ডিয়া ও অ্যানিম্যাল প্ল্যানেটের যৌথ উদ্যোগে 'রোহিতফররাইনোজ ক্যাম্পেন' করেছেন তিনি)।

সঙ্কলক : পলি দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইংলিশ

**Directions (Qs. 1–10) :** *In the following passage, there are blanks, each of which has been numbered. These numbers are printed below the passage and against each, five words are suggested, one of which fits the blank appropriately. Find out the appropriate word in each case.*

The first proposal I submitted for my dissertation at UCLA was to write a theory of personality. My chairman, a kindly man, smiled ... (1) ... and told me that perhaps this was a bit ambitious for a young graduate student.... (2) ..., I accepted his verdict and changed my topic, but not my desire. It .:. (3) ... later, when I had a chance to begin to ... (4) ... a theory in my research on group dynamics for the Navy during the Korean War. As I ... (5) ... the reasons for the persistence of my interest in overarching theory, I had an ... (6) ... memory. When I was around eight years old, I was a ... (7) ... baseball fan, as was my father. My hero was Lou Gehrig. I would approach my father in an attempt to prove to him how good Gehrig really was : "He hit 363, had 49 home runs, batted in 165 runs. He's terrific !" My father's response caught me off guard : "Yes, but he can't field". I wasn't prepared for that. From then on, my way of ... (8) ... with my father's responses was to make sure I knew everything about any topic I wanted to talk to him about. Partly as a ... (9) ..., I became a holist. I had to make sure I had ... (10) ... for everything.

1. (1) Usually (2) Profusely (3) Benignly (4) Abruptly (5) Decidedly
2. (1) Indolently (2) Skillfully (3) Enchanted (4) Constrained (5) Chagrined
3. (1) Lamented (2) Resurfaced (3) Appreciated (4) Provided (5) Projected
4. (1) Inject (2) Involve (3) Exhibit (4) Formulate (5) Establish
5. (1) Pondered (2) Evaluated (3) Dveloped (4) Perfected (5) Appreciated
6. (1) Interesting (2) Obvious (3) Engulfing (4) Esteemed (5) Evolving
7. (1) Precariouss (2) Haunting (3) Deliberate (4) Pervasive (5) Rabid
8. (1) Patience (2) Alliance (3) Influence (4) Coping (5) Questioning
9. (1) Custom (2) Capacity (3) Defense (4) Preference (5) Posterity
10. (1) Consideration (2) Accounted (3) Longing (4) Regard (5) Established

**Direction (Qs. 11–15) :** *Choose the word which is most nearly the SAME in meaning as the word given in bold.*

11. **OBSOLETE**
(1) Transparent (2) Irregular (3) Outmoded (4) Strange (5) Straightforward
12. **BALEFUL**
(1) Uncovered (2) Ruinous (3) Gentle (4) Trial (5) Sheepish
13. **HOODWINK**
(1) Bamboozle (2) Anticipate (3) Desperate (4) Humbel (5) Embrace
14. **NIMBLE**
(1) Clumsy (2) Honest (3) Needless (4) Agile (5) Noteworthy
15. **BASE**
(1) Exalted (2) Helpful (3) Unmarked (4) Harsh (5) Immoral

**Direction (Qs. 16–20) :** *Choose the word which is MOST OPPOSITE in meaning of the word given in bold.*

16. **FIDELITY**
(1) Perfidy (2) Loyalty (3) Amnesty (4) Freshness (5) Vivacity
17. **INDIGNATION**
(1) Animosity (2) Insolence (3) Forbearance (4) Alertness (5) Indolence
18. **LOFTY**
(1) Deserted (2) Imposing (3) Solitary (4) Lowly (5) Adrift
19. **HEED**
(1) Assist (2) Neglect (3) Uphold (4) Conceal (5) Disguise
20. **INTREPID**
(1) Audacious (2) Acquired (3) Evident (4) simple (5) Bashful

**Direction (Qs. 21–30) :** *Pick out the most effective pair of words from the choices to make the sentence/s meaningfully complete.*

21. When interpersonal problems —— but are not dealt with, the organisation's productivity inevitably ———.
(1) Surface ......... develops (2) Focus ...... increases (3) Establish ........ projects (4) Develop ...... exhibits (5) Exist ...... diminishes
22. Participative management, in which everyone has ——— into a decision that a leader then makes, is a mechanism for ——— employees.
(1) Share ..... protecting (2) Value ...... thwarting (3) Motivation ......... involving (4) Reward ...... stimulating (5) Input ....... empowering
23. Lack of ——— is basic to good teamwork but our ability to work with others depends on our ———.
(1) Rigidity ........ compatibility (2) Dogmatism ........ motivation (3) Professionalism .......... vulnerability (4) Positivism .......... flexibility (5) Consideration ...... acumen
24. Complete and constant openness is a notion that can be ——— to absurdity. Am I ——— to stop everyone on the street and tell them my reaction to their appearance?
(1) consigned ......... communicated (2) Reduced .......... required (3) Attributed ...... requested (4) Projected ........ destined (5) Subjected ......... confined
25. When organisations ——— creativity and risk taking, the usual method of maintaining order and ——— are indeed shaken.
(1) Encourage ......... decorum (2) Exhibit ..... durability (3) Propose ........... humility (4) Enhance ........ supply (5) Propagate ....... production
26. When I am an autocrat, I am ——— in the extreme. My direct method is to — power and control.
(1) Perfectionist ......... explore (2) Autocratic .......... engulf (3) Dominating ...... seek (4) Possessive ......... reject (5) Elaborate ........ develop
27. The fear ——— with feeling incompetent is the fear of being humiliated, embarrassed and ——.
(1) Endowed ....... criticised (2) Afflicted ...... downtrodden (3) Consistent ....... damaged (4) Associated ......... vulnerable (5) Imbued ...... exposed
28. Gopal was frustrated with Sundar who would not —— himself to a deadline. Sundar claimed he was working well without a deadline, but Gopal —— and finally prevailed.
(1) Encourage ......... enforced (2) Inculcate ...... ordered (3) Cooperate ..... stipulated (4) Commit ........ persisted (5) Declare ...... pressurised
29. I am not easily —— by pressures that would interfere with accomplishing the goals of my unit. I stick with my ———.
(1) Pessimistic ........ views (2) Swayed ...... convictions (3) Discouraged ........ achievements (4) Empowered .......... organisation (5) Demurred ...... projections
30. Coercion sometimes leads to the —— of short-term goals, but its drawbacks far —— its advantages.
(1) Realisation ........ damage (2) Appreciation ......... percolate (3) Accomplishment ........ outweigh (4) Achievement ........ crumble (5) Destination ...... magnify.

## উত্তর

1(3). 2(4). 3(2). 4(4). 5(1). 6(1). 7(5). 8(4). 9(3). 10(2). 11(3). 12(2). 13(1). 14(4). 15(5). 16(1). 17(3). 18(4). 19(2). 20(5). 21(5). 22(5). 23(1). 24(2). 25(1). 26(3). 27(5). 28(4). 29(2). 30(3).





■ ক্লান্ত প্রাণ এক
শেষ শয্যায় কবি জীবনানন্দ দাশ। ১৪ অক্টোবর ১৯৫৪-র সেই ভয়ংকর সন্ধ্যায় মারাত্মক ট্রাম দুর্ঘটনা। হাসপাতালের বেডে শুয়ে বললেন, বড় আচার খাওয়ার ইচ্ছে হচ্ছে। দৃশ্য বদলে গেল। ২২ অক্টোবর কবি পাড়ি দিলেন পরপারে। পরদিন তরুণ কবিদের শ্মশানযাত্রা, কণ্ঠে জীবনানন্দের কবিতা। এরপরের দৃশ্যে ফ্ল্যাশব্যাকে বরিশাল শহর। কবির দিনযাপনের বেশ কিছু ছবি। দাম্পত্যের সংলাপ। দৃশ্যের পর দৃশ্য সাজিয়ে অদ্ভুত এক কবির জীবনবৃত্তে তাঁকে খোঁজা। বৃত্ত সম্পূর্ণ হল কবির চিতার সামনে। এক মর্মস্পর্শী খসড়া চিত্রনাট্য 'ক্লান্ত প্রাণ এক' লিখেছেন শঙ্করলাল ভট্টাচার্য।

■ এক রাজকুমারীর কাহিনি
এক রাজকুমারীর ডায়েরি হঠাৎ খুঁজে পাওয়া গেল ট্রেজারিতে রাখা রাজবাড়ির অন্যান্য অনেক জিনিসপত্রের মধ্যে। অধুনা বাংলাদেশের দিঘাপাতিয়ায় ৩০০ বছর আগের এক রাজবাড়ির অন্দরমহলের কাহিনি জানা গেল সেই ডায়েরির পাতায়। সেইসঙ্গে পাওয়া যায় রাজকন্যা ইন্দুপ্রভা দেবীর হাতে লেখা এক কাব্যগ্রন্থ। আর ট্রাংকের গোপন কুঠুরিতে মিলল ২৮৫টি প্রেমপত্র। এইসব তথ্যপ্রমাণ নাটোর প্রশাসন গুরুত্ব দিয়ে সংরক্ষণ করেছে। সেই রাজকন্যার জীবন নিয়ে লিখেছেন — সফিউন্নিসা।

■ ইন্দ্রাবতীর আত্মকথা
ইন্দ্রাবতী এক নদীর নাম। ওড়িশার ডোঙ্গরলা পাহাড়ে তার উৎস। নানা অঞ্চল ঘুরে ৬০ কিলোমিটার এঁকে বেঁকে পাহাড় জঙ্গল পেরিয়ে পৌঁছে গেছে ছত্তিশগড়ের বস্তারে। দীর্ঘ এই অঞ্চলের জনজাতির জীবন, সংগ্রাম, রাজনীতির খেলা, নিরীহ মানুষের ওপর অত্যাচার, নির্বিচার হত্যালীলার সাক্ষী এই নদী। নদীর মুখেই বর্ণিত হয়েছে ওইসব অঞ্চলের রাজনৈতিক সংঘাতের নানা কাহিনি। লিখেছেন সৌমিত্র মজুমদার।

■ ছেলের চরিত্রে হাতেখড়ি
ছেলের চরিত্রে অভিনয়। তাও থিয়েটারে। সিনেমায় হাতেখড়ি ১৯৫০ সালে। খ্যাতনামা অভিনেত্রী মাধবী মুখোপাধ্যায়ের পথ চলা শুরু অন্যভাবে। জীবনে বহু সংগ্রাম ও ঘাত-প্রতিঘাত পেরিয়ে তিনি আজ খ্যাতির জগতে। আজও কাজ করে চলেছেন নিরলস। তাঁর জীবনের নানা ওঠাপড়া নিয়ে লিখেছেন অনুরাধা সান্যাল।

■ ভ্রমণ
সিবেস্টিয়ান বাখ্। মহান সংগীত সাধকের জন্মস্থানটি খুঁজে বের করার জন্য অন্তত সাতবার জার্মানিতে গিয়েছেন ভ্রমণপিপাসু এক গবেষক। শুধু বাখ্ নন, তাঁর অন্বেষণের তালিকায় রয়েছেন গ্যোয়টের প্রেমিকারাও। দু'বছর আগেও গিয়েছেন হামবুর্গের বন্দর উৎসবে। বিশাল প্রেক্ষাগৃহে ফ্রাঞ্জ স্যুবার্ট আর গুস্তাভ মালারের সুরে আর সম্মেলক বাদ্যের ঐকতানে ভেসে যাওয়ার স্বর্গীয় অনুভূতি জার্মানিতে সুরতরঙ্গে ভেসে লিখেছেন সুনীল দাশ।

■ পুঁতির মালা
বহু কঠিন চরিত্রের পুলিশ অফিসার। কিন্তু তাঁর মন কোমল আর দেশপ্রেমে ভরপুর। খ্যাতনামা লেখক-সমাজসেবী মহাশ্বেতা দেবীর নানা কাজে তিনি বাড়িয়ে দেন সহযোগিতার হাত। সমাজকে, দেশকে, সাধারণ মানুষকে চেনেন। অধস্তন এক সহকর্মীকে আত্মহত্যার মুখ থেকে ফিরিয়ে তাকে নতুন জীবনের দিশা দেন। বহুদিন যোগাযোগহীন সেই সহকর্মীকে একদিন খুঁজে পান সেই অফিসার। তিনিও তখন জনজাতির এক লড়াকু নেত্রীকে বিয়ে করে তাদের মধ্যে কাজ করে চলেছেন। বাস্তবভিত্তিক কাহিনি পুঁতির মালা লিখেছেন অরিন্দম আচার্য।

■ বিখ্যাতদের অপ্রকাশিত চিঠি
পরিব্রাজক উমাপ্রসাদ মুখোপাধ্যায়কে চিঠি লিখতেন অনেকেই। খ্যাতনামা ব্যক্তিত্ব থেকে সাধারণ মানুষও। প্রতিটি চিঠির উত্তরও দিতেন তিনি। তাঁর সংগ্রহে থাকা অপ্রকাশিত অনেক চিঠির মধ্যে রয়েছে পুলিনবিহারী সেন, নলিনীকান্ত সরকার, প্রেমেন্দ্র মিত্র, প্রতাপচন্দ্র চন্দ্র প্রমুখের চিঠি। সেইসব মূল্যবান চিঠি প্রকাশ্যে আনলেন অনাথবন্ধু চট্টোপাধ্যায়।

■ শতবর্ষ পেরিয়েও অম্লান অমলাশঙ্কর
শতবর্ষ পেরিয়ে আজও অম্লান খ্যাতনামা নৃত্যশিল্পী অমলাশঙ্কর। তাঁর দীর্ঘ জীবনপথে অসংখ্য ঘটনা। নিরলস সৃষ্টিতে ভরিয়ে দিয়েছেন সংস্কৃতি জগতের একদিক। বাটাজোড় গ্রামের এক শ্যামলা মেয়ের পৃথিবীর নানা দেশ ভ্রমণ ও নৃত্যশিল্পের মাধ্যমে খ্যাতি, যশ সাফল্যের শিখরে পৌঁছে যাওয়ার সূচনা লগ্নে উদয়শঙ্করের সঙ্গে জীবন যোগের বিচিত্র কাহিনি লিখেছেন সফিউন্নিসা। ব্যক্তিগত ও পারিবারিক জীবনে তিনি স্নেহশীলা জননী, নিয়মনিষ্ঠ গৃহিণী। তাঁর সম্পর্কে ব্যক্তিগত অভিজ্ঞতা জানালেন তনুশ্রী শঙ্কর।

■ সিনেমা
রেখার সঙ্গে অমিতাভ বচ্চনের সম্পর্ক ঠিক কতটা গভীর! রেখা কার কথা ভেবে সিঁথি রাঙিয়ে রাখেন সিঁদুরে? মিঠুন শ্রীদেবীর তীব্র আশ্লেষ আর প্রেম, পরিণতি মিঠুনের দ্বিতীয় বিবাহ। কিন্তু কেন ভেঙে গেল সেই বিয়ে? কেমন ছিল সুচিত্রা সেন আর সন্ধ্যা মুখার্জির সম্পর্ক? নায়ক নায়িকাদের সম্পর্কের টানাপোড়েন নিয়ে সম্পর্কের টানা পোড়েনে তারকারা লিখেছেন সাংবাদিক নূপুর গুহ।

■ খেলা
কলকাতার ফুটবলে এখন বাঙালি খুঁজে পেলে আনন্দ হয়। কলকাতার ফুটবল এখন রীতিমতো আন্তর্জাতিক। তাহলেও ফুটবল ঘিরে ঘটি-বাঙালের লড়াই আজও অব্যাহত। লিখেছেন দীপঙ্কর গুহ।

*এছাড়া ভিন্ন স্বাদের ১২টি গল্প ও প্রবীণ-নবীনের একগুচ্ছ কবিতা।

দাম ৯০ টাকা

ফুরোনোর আগেই সংবাদপত্র বিক্রেতার কাছ থেকে ঘরে বসে এখনই সংগ্রহ করুন। Help Line : 9830624170


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

গত সপ্তাহের পর

৩ সেপ্টেম্বর : 'অ্যাসোসিয়েশন অফ ওয়ার্ল্ড ইলেকশন বডিস'এর (AWEB) চেয়ারম্যান হলেন সুনীল অরোরা।

□ আন্তর্জাতিক ফুটবল কেরিয়ারে নজির গড়ে দশমবারের মতো 'পর্তুগালের বর্ষসেরা ফুটবলার' নির্বাচিত হলেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো ডস স্যান্তোস আভেইরো।

□ 'স্বচ্ছ ভারত অভিযান' প্রকল্পের জন্য, 'বিল ও মেলিন্ডা গেটস ফাউন্ডেশন'এর তরফ থেকে সম্মানজনক 'গ্লোবাল গোলকিপার পুরস্কার' পেতে চলেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী।

□ উত্তর প্রদেশের বারাণসী শহরে 'টেরাকোটা গ্রাইন্ডার' চালু করল 'খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন' (KVIC)।



ব্রিটিশ লেখিকা জে.কে.রাউলিংয়ের শিশু উপন্যাস হ্যারি পটারের ৭টি খণ্ডকেই নিষিদ্ধ ঘোষণা করল মার্কিন যুক্তরাষ্ট্রের টেনেসি ন্যাসভিসের ক্যাথলিক স্কুল। ওই স্কুল কর্তৃপক্ষের অভিযোগ, এইসব উপন্যাসে কালা জাদু নিয়ে বিশদ বিবরণ থাকায়, তা শিক্ষার্থীদের মনে কুপ্রভাব ফেলবে।

□ ৯ দফা বৈঠকের পর শেষপর্যন্ত, আফগান ভূখণ্ড থেকে মার্কিন সেনা প্রত্যাহার সংক্রান্ত সমঝোতায় স্বাক্ষর করল মার্কিন যুক্তরাষ্ট্র। এই সমঝোতায় মার্কিন যুক্তরাষ্ট্র অঙ্গীকার করেছে, আফগান-ই-স্তানের ৫টি ঘাঁটি থেকে ৫,৪০০ সেনা ফিরিয়ে নেওয়া হবে। এইপ্রক্রিয়া চলবে ২০ সপ্তাহ ধরে। প্রসঙ্গত উল্লেখ্য, এখন সে দেশে প্রায় ১৪,০০০ মার্কিন সেনা রয়েছেন।

টোয়েন্টি-২০ ক্রিকেট থেকে অবসর নিলেন ভারতের মহিলা দলের ক্রিকেটার মিতালি দোরাই রাজ।



□ 'শ্যুটিং বিশ্বকাপ'এ ১০ মিটার এয়ার পিস্তল মিক্সড টিম বিভাগে সোনার পদক পেলেন ভারতের মানু ভাকের ও সৌরভ চৌধুরি জুটি।

৪ সেপ্টেম্বর : প্রথম পাক-ই-স্তানি হিন্দু মহিলা হিসাবে সিন্ধ প্রদেশের পুলিশ অফিসার হলেন পুষ্পা কোলহি। সিন্ধ প্রদেশের অ্যাসিস্ট্যান্ট সাব ইন্সপেক্টর হলেন তিনি।

□ আরও একটি বেসরকারি বিশ্ববিদ্যালয় গড়ার অনুমোদন দিল পশ্চিমবঙ্গ সরকার। এই নিয়ে রাজ্যে ১১টি বেসরকারি বিশ্ববিদ্যালয় তৈরি হতে চলেছে। এই নতুন 'স্বামী বিবেকানন্দ বিশ্ববিদ্যালয়'টি গড়ে উঠবে ব্যারাকপুরে।

□ অসমকে 'সংরক্ষিত এলাকা' ক্যাটেগরির আওতায় আনল কেন্দ্রীয় সরকার। এর ফলে জম্মু ও কাশ্মীরের পর, দেশের দ্বিতীয় বড় রাজ্য হিসাবে 'সংরক্ষিত এলাকা' ক্যাটেগরিতে চলে এল অসম। 'সংরক্ষিত এলাকা' ঘোষণা হওয়ার ফলে বিদেশ থেকে আসা কোনো সাংবাদিক বিনা অনুমতিতে অসমে ঢুকতে পারবেন না।

□ পারস্পরিক সম্পর্কে উত্তেজনার মধ্যেই, কর্তারপুর করিডর দিয়ে ভারতের পুণ্যার্থীদের বিনা ভিসায় পাক-ই-স্তানের গুরুদ্বার দরবার সাহিব যাত্রায় সম্মত হল নয়াদিল্লি ও ইসলামাবাদ।

□ নয়াদিল্লিতে প্রথম 'ন্যাশনাল কনফারেন্স অন সাইবারক্রাইম ইনভেস্টিগেশন অ্যান্ড সাইবার ফরেন্সিকস' আয়োজন করল 'সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন' (CBI)। এই সম্মেলনের উদ্বোধন করেছেন 'সি.বি.আই'এর ডিরেক্টর ঋষি কুমার শুক্লা।

□ 'আই.টি এক্সেলেন্স পুরস্কার' পেল 'ওড়িশা স্টেট ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটি' (OSDMA)।

□ ছত্তিশগড়ের অম্বিকাপুরে চালু হল ভারতের প্রথম 'গারবেজ ক্যাফে'। এই ক্যাফেটিতে এক কেজি প্লাস্টিকের বর্জ্য জমা দিলে মিলবে ভরপেট খাবার। ৫০০ গ্রাম প্লাস্টিকের জিনিস এনে দিলে পাওয়া যাবে সকালের খাবার।

□ রাশিয়ার সঙ্গে ২৫টি বিষয়ে দ্বিপাক্ষিক চুক্তি করল ভারত। এর মধ্যে রয়েছে বিনিয়োগ, বাণিজ্য, তেল ও গ্যাস, নিউক্লিয়ার শক্তি, প্রতিরক্ষা, মহাকাশ প্রভৃতি বিষয়।

□ ২০১৯ সালে 'ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট'এর (EIU), 'গ্লোবাল লিভএবিলিটি ইনডেক্স' অনুযায়ী, 'বিশ্বের সবথেকে বাসযোগ্য শহর'এর তকমা পেল অস্ট্রিয়ার ভিয়েনা।

প্রকাশিত হল ২০২২ সালের 'কাতার বিশ্বকাপ'এর লোগো ও প্রোমো। এটি দেখতে ইংরিজি ৮ সংখ্যার মতো। কাতারের ৮টি স্টেডিয়ামে বসবে বিশ্ব ফুটবলের আসর। সেজন্যই এমন প্রতীক। এই প্রতীকটিতে যেসব ঢেউ রয়েছে, তা আসলে আরবের মরুভূমির তরঙ্গ। গোটা বিশ্বকে এক সুতোয় বেঁধে আরবের সংস্কৃতিকেই ফুটিয়ে তোলা হয়েছে এই প্রতীকের মধ্যে দিয়ে।

□ পাক-ই-স্তান ক্রিকেট দলের জাতীয় কোচ ও মুখ্য নির্বাচক হলেন মিসবা উল হক।

৫ সেপ্টেম্বর : ইংরিজি-মারাঠি ঔপন্যাসিক ও নাট্যকার কিরণ নাগরকর (৭৭ বছর) মারা গেলেন।

□ শান্তি ও সম্প্রীতি রক্ষায় অসামান্য অবদানের জন্য, ২০১৯ সালে ভ্যাটিক্যানের 'ল্যাম্প অফ পিস অফ সেইন্ত ফ্র্যান্সিস' পুরস্কার পেলেন 'নোবেল' পুরস্কারপ্রাপ্ত বাংলাদেশি অধ্যাপক মুহম্মদ ইউনুস।

□ মার্কিন যুক্তরাষ্ট্রের বিখ্যাত 'পিপলস চয়েস অ্যাওয়ার্ডস'এ মনোনীত হলেন বলিউড অভিনেত্রী আলিয়া ভাট। তাঁকে 'সেরা অনুপ্রেরণাদায়ী এশীয় মহিলা' বিভাগে মনোনীত করা হয়েছে। এই বিভাগে মনোনীত ৮ জনের মধ্যে তিনিই একমাত্র ভারতীয়।

□ কলকাতায় অবস্থিত ভারতীয় জাদুঘরের নতুন ডিরেক্টর পদে যোগ দিলেন অরিজিৎ দত্ত চৌধুরি।

□ প্লাস্টিক খেকো ব্যাকটেরিয়া আবিষ্কার করলেন জাপানের একদল বিজ্ঞানী। এই পদ্ধতির মাধ্যমে প্রতিবছর উৎপাদিত প্রায় ৫ কোটি টন প্লাস্টিক বিনষ্ট করা যাবে। ব্যাকটেরিয়া দিয়ে প্লাস্টিক বিনষ্ট করা এই প্রক্রিয়াকে বিজ্ঞানীরা 'বায়োডিগ্রেডেশন' বলে থাকেন। বিজ্ঞানীরা এই ব্যাকটেরিয়ার নাম দিয়েছেন 'আইডিয়েনেলো সাকেনেসিস'।

□ লেহর প্রথম 'মোবাইল সায়েন্স এক্সিবিশন' (MSE) ভ্যান উদ্বোধন করলেন কেন্দ্রীয় পর্যটন ও সংস্কৃতি মন্ত্রী প্রহ্লাদ সিং প্যাটেল।

□ আই.আই.টি খড়গপুরের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ, 'সফিস্টিকেটেড অ্যানালিটিক্যাল অ্যান্ড টেকনিক্যাল হেল্প ইনস্টিটিউট' (SATHI) হিসাবে নির্বাচিত হল।

□ কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের তরফ থেকে, শিক্ষক দিবসে 'ইনস্টিটিউশন অফ এমিনেন্স' (IOE) সম্মান পেল আই.আই.টি খড়গপুর। এছাড়াও, দিল্লি বিশ্ববিদ্যালয়, বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়, হায়দরাবাদ বিশ্ববিদ্যালয় ও আই.আই.টি মাদ্রাজকেও এই সম্মান দেওয়া হয়েছে।

□ ২০২০ সালে 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সিফুড শো' (IISS) আয়োজন করবে কেরালার কোচি।

□ ২০১৯ সালে 'ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম'এর (WEF), 'ওয়ার্ল্ড ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম কম্পিটিটিভনেস ইনডেক্স'এ (TTCI) ৩৪ তম স্থান অধিকার করল ভারত। এই তালিকায় প্রথম স্থানে রয়েছে স্পেন।

□ মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন রাজ্যে শুরু হল ভারত-মার্কিন যুক্তরাষ্ট্র যৌথ সামরিক মহড়া 'যুধ অভ্যাস'।

□ 'বিশ্ব মার্শাল আর্ট মাস্টারশিপ'এ ব্রঞ্জ পদক পেলেন ওড়িশার মেয়ে অনুপমা স্রোয়াইন। সেইসঙ্গে ২০২২ সালে 'এশিয়ান গেমস'এর যোগ্যতা অর্জন করে নিলেন তিনি।

□ টেস্ট ক্রিকেটে সর্বকনিষ্ঠ (২০ বছর ৩৫০ দিন) অধিনায়ক হিসাবে, নজির গড়লেন আফগান-ই-স্তানের তারকা স্পিনার রশিদ খান। বাংলাদেশের বিরুদ্ধে একটি মাত্র টেস্ট সিরিজের প্রথম দিনে মাঠে নামতেই এই নজিরের মালিক হলেন তিনি। ভাঙলেন জিম্বাবোয়ে ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক তাতেন্ডা তাইবুরের (২০ বছর ৩৫৮ দিন) ২০০৪ সালের নজির।

□ কৃষ্ণগহ্বরের প্রথম ছবি তোলার জন্য, ২০২০ সালে 'ব্রেকথ্রো প্রাইজ ইন ফান্ডামেন্টাল ফিজিক্স' পুরস্কার পেতে চলেছেন 'ইভেন্ট হরাইজন টেলিস্কোপ' (EHT) দলের ৩৪৭ জন বিজ্ঞানী। এই পুরস্কার 'বিজ্ঞানের অস্কার' নামেও পরিচিত।

□ অন্ধ্র প্রদেশের বিশাখাপত্তনম রেলস্টেশনে, বাচ্চাদের জন্য 'ফান জোন' চালু করল ভারতীয় রেলওয়ে।

☛এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।




# পদ্মশ্রী পুরস্কার

- 'ভারতরত্ন', 'পদ্মবিভূষণ' ও 'পদ্মভূষণ'এর পর 'পদ্মশ্রী' হল ভারতের চতুর্থ অসামরিক সম্মান।
- শিল্পকলা, শিক্ষা, বাণিজ্য, সাহিত্য, বিজ্ঞান, খেলাধূলা, সমাজসেবা ও সরকারি ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ভারত সরকার এই সম্মান দিয়ে থাকে।
- জাতি, পেশা, পদমর্যাদা বা, লিঙ্গ নির্বিশেষে যেকোনো ভারতীয় ব্যক্তিই এই পুরস্কার পেতে পারেন।
- ১৯৫৪ সালে এই পুরস্কার দেওয়া শুরু হয়। এখনও পর্যন্ত ২০১৯ সালে শেষবার এই পুরস্কার দেওয়া হয়েছে।
- প্রতি বছর ২৬ জানুয়ারি 'প্রজাতন্ত্র দিবস'এর দিন এই পুরস্কার ঘোষণা করা হয়।
- প্রতি বছর মার্চ-এপ্রিল মাস নাগাদ 'রাষ্ট্রপতি ভবন'এ একটি অনুষ্ঠানের মধ্যে দিয়ে ভারতের রাষ্ট্রপতি পুরস্কার প্রাপকের হাতে পুরস্কার তুলে দেন।
- 'পদ্মশ্রী' পুরস্কারপ্রাপ্তরা শুধুমাত্র পুরস্কার পান।
- এই সম্মানের সঙ্গে কোনো অর্থমূল্য দেওয়া হয় না।
- এই পুরস্কারপ্রাপ্তরা রেল বা, বিমান ভ্রমণে নগদ ভাতা বা, ছাড়ের ক্ষেত্রে কোনো সুযোগ-সুবিধা পান না।
- পুরস্কারপ্রাপ্তদের তাঁদের কৃতিত্বগুলি প্রকাশ করার অনুমতি নেই।
- এই পুরস্কার কোনো শিরোনাম বা, শিরোনামের সমতুল্য নয়। তাই পুরস্কারপ্রাপ্তরা তাঁদের লেটারহেডস, আমন্ত্রণপত্র, পোস্টার বা, কোনো বইতে প্রত্যয় বা, উপসর্গ হিসাবে নিজেদের নাম ব্যবহার করতে পারেন না।
- এই পুরস্কারের কোনো অপব্যবহারের করলে পুরস্কার প্রাপকের পুরস্কারটি বাতিল করা হয়।
- পুরস্কার প্রাপককে পদকটির একটি প্রতিলিপি দেওয়া হয়। তাঁরা ইচ্ছা করলে কোনো অনুষ্ঠান বা, রাষ্ট্রীয় কার্যক্রমে এটি পরে যেতে পারেন।
- ২০১৯ সালে ৯৪ জন ব্যক্তিকে এই পুরস্কার দেওয়া হয়েছে।

## একনজরে 'পদ্মশ্রী' সম্মানের পদকের নকশা ও বৈশিষ্ট্য

- 'পদ্মশ্রী' পদকের একদিকে পদ্মফুলের ওপরে ও নীচে হিন্দিতে 'পদ্ম' ও 'শ্রী' শব্দদু'টি খচিত আছে। অন্যদিকে বার্নিসড ব্রঞ্জের ওপর বিভিন্ন জ্যামিতিক আকারের চিত্র রয়েছে। সব খোদাই লিপি সাদা সোনালি রঙে চিত্রিত।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ১৭ ব্যাঙ্কে ১১,৭৫০ ক্লার্ক

১ পাতার পর

যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটার অপারেশন / ল্যাঙ্গোয়েজের সার্টিফিকেট /ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশ হতে হবে। স্কুল / কলেজ / ইনস্টিটিউটে কম্পিউটার /ইনফর্মেশন টেকনোলজি একটি অন্যতম বিষয় হিসাবে নিয়ে থাকলে কম্পিউটারের ডিগ্রি / ডিপ্লোমা / সার্টিফিকেট কোর্স পাশ না হলেও হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের সরকারি (অফিসিয়াল) ভাষা পড়তে / লিখতে ও বলতে পারা দরকার।

প্রাক্তন সমরকর্মীরা ওপরের ওই শিক্ষাগত যোগ্যতা না থাকলেও যোগ্য। তবে তাঁদের বেলায় আর্মি স্পেশাল সার্ভিস অফ এডুকেশন, নেভি বা, এয়ারফোর্সের করেসপন্ডিং সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে ও অন্তত ১৫ বছর চাকরি করে থাকতে হবে।

বয়স হতে হবে ১-৯-২০১৯'র হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৯-১৯৯১ থেকে ১-৯-১৯৯৯'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা বা,বিবাহবিচ্ছিন্না মহিলারা আইনত আলাদা হয়ে থাকলে ৯ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেন) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন'। পরীক্ষা হবে অনলাইনে ৭, ৮, ১৪ ও ২১ ডিসেম্বর। পরীক্ষা হবে কলকাতা-সহ সারা ভারতের বিভিন্ন অনলাইন পরীক্ষা কেন্দ্রে। তবে যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন পরীক্ষা হবে সেই রাজ্যের অধীন কোনো পরীক্ষা কেন্দ্রে। পরীক্ষা হবে পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের আসানসোল, দুর্গাপুর, গ্রেটার কলকাতা, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি। অসমের ডিব্রুগড়, গুয়াহাটি, জোড়হাট, শিলচর, তেজপুর। বিহারের ভাগলপুর, আড়া, ঔরঙ্গাবাদ, দ্বারভাঙা, গয়া, মজঃফরপুর, পটনা, পুর্ণিয়া,। ঝাড়খণ্ডের বোকারো স্টিল সিটি, ধানবাদ, জামশেদপুর, হাজারিবাগ, রাঁচি। ওড়িশার বালাশোর, বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, রৌরকেলা, ঢেঙ্কানল, সম্বলপুর। সিকিমের বারডাং বা, গ্যাংটক। ত্রিপুরার আগরতলা।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘণ্টার পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বর। সময় ২০ মিনিট। (২) নিউমেরিক্যাল এবিলিটি - ৩৫ নম্বর। সময় ২০ মিনিট। (৩) রিজনিং এবিলিটি - ৩৫ নম্বর। সময়২০ মিনিট। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ওই তিনটি বিষয়ের প্রতিটিতে কাট-অফ নম্বর পেয়ে থাকতে হবে। কাট-অফ নম্বর কত থাকবে তা আই.বি.পি.এস. ঠিক করবে। কল লেটার ডাউনলোড করতে পারবেন নভেম্বরে। প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোবে ডিসেম্বর-জানুয়ারিতে।

এরপর অনলাইন মেন পরীক্ষা। মেন পরীক্ষা হবে ১৯ জানুয়ারি। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৯০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল /ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (২) জেনারেল ইংলিশ -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট। (৪) রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউট ৬০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট। প্রশ্ন হবে ইংরিজিতে। মেন পরীক্ষার কল লেটার ডাউনলোড করতে পারবেন জানুয়ারিতে।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে তবেই মেন পরীক্ষার জন্য ডাকা হবে। প্রভিশনাল অ্যালটমেন্ট হবে এপ্রিলে। মেন পরীক্ষায় সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য নিচের এইসব প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল নিয়ে যাবেন : (১) ইন্টারভিউয়ের কল লেটার, (২) সিস্টেম জেনারেটেড অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম, (৩) মাধ্যমিকের সার্টিফিকেট, (৪) ফটো আইডেনটিটি কার্ড, (৫) শিক্ষাগত যোগ্যতার যাবতীয় মার্কশীট ও সার্টিফিকেট, (৬) কাস্ট সার্টিফিকেট, (৭) প্রতিবন্ধীরা দেবেন ডাক্তারি সার্টিফিকেট, (৮) প্রাক্তন সমরকর্মীরা দেবেন যথাবিহিত সার্টিফিকেট, (৯) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে)।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার 'কল লেটার' ডাকে পাঠানো হবে না। শুধুমাত্র ওপরের ওই ওয়েবসাইট থেকে কল লেটার ও ইনফর্মেশন হ্যান্ডআউট ডাউনলোড করতে পারবেন। লিখিত পরীক্ষার সময় টাকা জমা দেওয়ার প্রমাণপত্র (ই-রিসিপ্ট /এন.ই.এফ.টি. পেমেন্ট রিসিপ্ট) নিয়ে যাবেন। এছাড়া ফটো সাঁটা কোনো প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত করা জেরক্স কপি (প্যান কার্ড, পাশপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাঙ্ক পাশবুক) নিয়ে যাবেন।

